# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Chaitra 21, 1430 Bangla, April 04, 2024, Thursday, No. 95, 54th year

# H I G H L I G H T S

Prime Minister Sheikh Hasina says, government has reduced the child and maternal mortality rate along with the poverty rate in the country through various pragmatic steps. (VOA: 10)

AL GS says, BNP weeps for those accused of killing people & arson terrorists when they go to jail. He questions why BNP is crying for arson terrorists. (R. Today: 15)

Regarding Muhammad Yunus's comment that there is no rule of law in the country, foreign minister says, because there is rule of law, he is free on bail even though he has been convicted. (VOA: 08)

BNP leader A Moyeen Khan says, BNP is on the road for people. Movement will continue to implement human rights. Adds, one party rule is going on in country & country is now on the way to N. Korea. (R. Today: 15)

Confirming the govt's proactive response to armed attacks & bank robberies in Ruma & Thanchi areas of Bandarban district, Home Minister blames militant outfit Kuki-Chin National Front (KNF). (VOA: 09)

WB says BD economy currently faces 4 challenges--high inflation, deficit in foreign currency, import restrictions & risks to financial sector. For these reasons, economic growth may decrease in current year. (R. Tehran: 12)

After looting money and arms at Ruma in Bandarban, the branches of Sonali Bank and Bangladesh Krishi Bank in Thanchi Upazila have been robbed. Transactions suspended in all banks of Bandarban. (R. Today: 16)

NBR has seized the bank accounts of 31 private universities of Dhaka for not depositing income tax within stipulated time. The universities are in trouble as bank transactions are completely stopped. (BBC : 03)

A terrible fire broke out at a jute mill in Khulna's Rupsa upazila. The mill authorities claims that the fire has caused a loss of around hundred crore of takas. (Jago FM: 21)

An organization working for the safty of people urges authorities concerned to conduct drives against all types of illegal vehicles & drivers without license to prevent road accidents during Eif-ul-Fitr travel. (VOA: 09)

There is a lot of discussion on social media about govt's decision to reduce bus & minibus fares to three paisa per kilometer after the drop in fuel prices in BD as it doesn't have any effect on the passengers. (BBC: 05)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ২১, বাংলা ১৪৩০, এপ্রিল ০৪, ২০২৪, বৃহস্পতিবার, নং-৯৫, ৫৪তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সরকার বিভিন্ন বাস্তবমুখী পদক্ষেপের মাধ্যমে বাংলাদেশে দারিদ্র্যের পাশাপাশি শিশু ও মাতৃমৃত্যুর হার হ্রাস করেছে। (ভোয়া: ১০)

মানুষ মারার আসামি, আগুন সন্ত্রাসীরা জেলে গেলে বিএনপি তাদের জন্য মায়া কান্না করে। আগুন সন্ত্রাসীদের জন্য বিএনপির এই মায়া কান্না কেন জানতে চেয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।(রে. টুডে: ১৫)

ড. মুহাম্মদ ইউনূসের 'দেশে আইনের শাসন নেই, মন্তব্য নিয়ে প্রশ্ন করলে পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'দেশে আইনের শাসন আছে বলেই তিনি দণ্ডপ্রাপ্ত হয়েও আদালতের দেওয়া জামিনে মুক্ত আছেন।' (ভোয়া: ০৮)

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান বলেছেন বিএনপি জনগণের জন্য রাস্তায় আছে। মানুষের অধিকার বাস্তবায়নে আন্দোলন চলবে। তিনি বলেন, দেশে এক দলীয় শাসন চলছে। দেশ এখন উত্তর কোরিয়ার পথে। (রে. টুডে: ১৫)

পার্বত্য বান্দরবান জেলার রুমা ও থানচি এলাকায় সশস্ত্র হামলা ও ব্যাংক ডাকাতির ঘটনায় সরকারের সক্রিয় প্রতিক্রিয়ার কথা নিশ্চিত করে জঙ্গি সংগঠন কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টকে দায়ী করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী। (ভোয়া: ০৯)

বিশ্ব ব্যাংক বলেছে, বাংলাদেশের অর্থনীতিতে বর্তমানে চারটি চ্যালেঞ্জ রয়েছে। এগুলো হলো উচ্চ মূল্যস্ফীতি, বৈদেশিক মুদ্রার ঘাটতি, আমদানি নিয়ন্ত্রণ এবং আর্থিক খাতের ঝুঁকি। এসব কারণে বিশ্ব ব্যাংক পূর্বাভাস দিয়েছে যে চলতি বছরে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি কমে যেতে পারে। (রে. তেহরান: ১২)

বান্দরবানের রুমায় সোনালী ব্যাংকে হামলা চালিয়ে টাকা ও অস্ত্র লুট করার পর এবার থানচি উপজেলা শহরের্ সোনালী ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখায় ডাকাতি হয়েছে। বান্দরবানের সব ব্যাংকে লেনদেন স্থগিত। (রে. টুডে: ১৬)

নির্ধারিত সময়ের মধ্যে আয়কর জমা না দেয়ায় ঢাকার একত্রিশটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ব্যাংক হিসাব জব্দ করেছে এনবিআর। এতে ব্যাংকের লেনদেন পুরোপুরি বন্ধ হয়ে যাওয়ায় বিপাকে পড়েছে বিশ্ববিদ্যালয়গুলো। (বিবিসি: ০৩)

খুলনার রূপসা উপজেলার সালাম জুটমিলের পাটগুদামে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। আগুনে প্রায় শত কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে দাবি করেছে মিল কর্তৃপক্ষ। (জাগো এফএম: ২১)

ইদুল ফিতরে সড়ক দুর্ঘটনা ও প্রাণহানি রোধে ত্রুটিপূর্ণ ও রুট পারমিটবিহীন বাসসহ সব ধরনের অবৈধ যানবাহন এবং লাইসেন্সবিহীন চালকের বিরুদ্ধে অভিযান পরিচালনার দাবি জানিয়েছে নৌ, সড়ক ও রেলপথ রক্ষা জাতীয় কমিটি। (ভোয়া : ০৯)

বাংলাদেশে জ্বালানি তেলের দাম কমার পর বাস ও মিনিবাস ভাড়া প্রতি কিলোমিটারে তিন পয়সা করে কমানোর সরকারি সিদ্ধান্ত নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে চলছে বেশ আলোচনা। এই ভাড়া কমানোতে যাত্রীদের উপর তেমন কোনো প্রভাবই পড়বে না বলে মনে করছেন যাত্রী অধিকার সংশ্লিষ্টরা। (বিবিসি: ০৫)

# বিবিসি

## আয়কর না দেয়ায় ব্যাংক হিসাব জব্দ, বিপাকে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো

নির্ধারিত সময়ের মধ্যে আয়কর জমা না দেয়ায় ঢাকার একত্রিশটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ব্যাংক হিসাব জব্দ করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। এতে ব্যাংকের লেনদেন পুরোপুরি বন্ধ হয়ে যাওয়ায় বিপাকে পড়েছে বিশ্ববিদ্যালয়গুলো। জব্দ হওয়া ব্যাংক হিসাবের তালিকায় নর্থ সাউথ ইউনিভার্সিটি, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এবং ইস্টওয়েস্ট ইউনিভার্সিটির মতো শীর্ষস্থানীয় বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর নামও পাওয়া যাচ্ছে। জাতীয় রাজস্ব বোর্ড বলছে, আয়করের অর্থ জমা না দেয়া পর্যন্ত কোনোভাবেই তারা জব্দ হিসাবগুলো ছাড়বেন না। ”তাদেরকে অনেকবার রিমাইন্ডার দেয়া হয়েছে, চিঠিও দেয়া হয়েছে। কিন্তু তারা সেটি আমলে নেননি„, বিবিসি বাংলাকে বলেন জাতীয় রাজস্ব বোর্ডের উচ্চপদস্থ একজন কর্মকর্তা। ”সে কারণে অনেকটা বাধ্য হয়েই আমাদেরকে কঠোর অবস্থানে যেতে হয়েছে। এখন আয়কর দিয়েই তাদেরকে হিসাব ছাড়াতে হবে„, নাম প্রকাশে অনিচ্ছুক ওই কর্মকর্তা। এর আগে ২০০৭ এবং ২০১০ সালে পৃথক দু.টি প্রজ্ঞাপন জারি করে বেসরকারি বিশ্ববিদ্যালয়, মেডিকেল, ডেন্টাল এবং ইঞ্জিনিয়ারিং কলেজের বাৎসরিক আয়ের ওপর ১৫ শতাংশ আয়কর নির্ধারণ করে জাতীয় রাজস্ব বোর্ড। তাদের এই সিদ্ধান্তের বিরুদ্ধে অবস্থান নিয়ে আদালতে ৪০টিরও বেশি রিট আবেদন করে সংক্ষুব্ধ বেসরকারি বিশ্ববিদ্যালয় ও কলেজগুলো। সেই আবেদনের প্রেক্ষিতেই ২০১৬ সালের ৫ই সেপ্টেম্বর রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপনকে অবৈধ ঘোষণা করে রায় দেয় হাই কোর্ট। এরপর সেই রায়ের বিরুদ্ধে আপিল করে রাষ্ট্রপক্ষ। শুনানি শেষে গত ২৭শে ফেব্রুয়ারি হাইকোর্টের রায় বাতিল করে বেসরকারি বিশ্ববিদ্যালয়, মেডিকেল, ডেন্টাল এবং ইঞ্জিনিয়ারিং কলেজের আয়ের ওপর ১৫ শতাংশ হারে কর আদায়ের সিদ্ধান্ত বহাল রাখে সুপ্রিম কোর্ট। মূলত: এর পরেই আয়কর আদায়ে তৎপরতা শুরু করে জাতীয় রাজস্ব বোর্ড। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের তথ্য অনুযায়ী, বাংলাদেশে বর্তমানে নিবন্ধিত বেসরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে ১০৭ টি। এর বাইরে, আরও অন্তত ৮০টি বেসরকারি মেডিকেল, ডেন্টাল এবং ইঞ্জিনিয়ারিং কলেজ রয়েছে। এসব বিশ্ববিদ্যালয় ও কলেজগুলোর কাছে প্রায় এক হাজার কোটি টাকার মতো আয়কর বকেয়া রয়েছে বলে বিবিসি বাংলাকে জানিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড। বিশাল অঙ্কের এই রাজস্ব আদায়ে গত মার্চ থেকে বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে চিঠি পাঠানো শুরু করে রাজস্ব বোর্ড। প্রাথমিকভাবে ঢাকায় অবস্থিত বেসরকারি বিশ্ববিদ্যালয় গুলোকে চিঠি দেওয়া হচ্ছে বলে জানানো হয়েছে। ”লোকবল ঘাটতিসহ আমাদের বেশকিছু সমস্যা রয়ে গেছে। সেই কারণে আপাতত ঢাকা অঞ্চলের বেসরকারি বিশ্ববিদ্যালয় গুলোর কাছ থেকেই আয়কর আদায় করা হচ্ছে„, বিবিসি বাংলাকে বলেন জাতীয় রাজস্ব বোর্ডের উচ্চপদস্থ একজন কর্মকর্তা। পর্যায়ক্রমে দেশের অন্যান্য অঞ্চলের বেসরকারি বিশ্ববিদ্যালয়, ডেন্টাল এবং ইঞ্জিনিয়ারিং কলেজেও চিঠি পাঠানো হবে বলে জানিয়েছেন তিনি। আয়কর পরিশোধ না করায় এখন পর্যন্ত ঢাকার মোট ৩১টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ব্যাংক হিসাব জব্দ করা হয়েছে বলে বিবিসি বাংলাকে নিশ্চিত করেছে জাতীয় রাজস্ব বোর্ড। সেই তালিকায় নর্থ সাউথ ইউনিভার্সিটি, ব্র্যাক ইউনিভার্সিটি, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ইস্টওয়েস্ট ইউনিভার্সিটি এবং ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির নাম রয়েছে। এছাড়াও রয়েছে ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ, ওয়ার্ল্ড ইউনিভার্সিটি বাংলাদেশ, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক এবং সাউথইস্ট ইউনিভার্সিটির নাম। পাশাপাশি নটর ডেম ইউনিভার্সিটি, ইস্টার্ন ইউনিভার্সিটি, এক্সিম ব্যাংক ইউনিভার্সিটি, অতীশ দীপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সহ আরও কয়েকটি বিশ্ববিদ্যালয়ের নাম পাওয়া যাচ্ছে। ”এক কথায় ঢাকার পরিচিত সব বিশ্ববিদ্যালয়ের নামই ওই তালিকায় রয়েছে„, বিবিসি বাংলাকে বলেন জাতীয় রাজস্ব বোর্ডের একজন কর্মকর্তা।

রাজস্ব বোর্ড বলছে, বকেয়া আয়কর পরিশোধের অনুরোধ জানিয়ে মার্চের প্রথম সপ্তাহে ঢাকার অন্তত ৪০টি বেসরকারি বিশ্ববিদ্যালয়কে চিঠি দেয়া হয়। চিঠিতে কর পরিশোধের জন্য সময়সীমা বেঁধে দেওয়া ১৫ই মার্চ। নির্ধারিত ওই সময়ের মধ্যে কর পরিশোধ না করলে জরিমানাসহ অন্যান্য আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলেও সেখানে সতর্ক করা হয়। ”কিন্তু তারপরও তারা আয়কর পরিশোধ করেননি, এমনকি অনেকে যোগাযোগ পর্যন্ত করেননি„, বিবিসি বাংলাকে বলেন নাম প্রকাশে অনিচ্ছুক জাতীয় রাজস্ব বোর্ডের ওই কর্মকর্তা। মূলত সে কারণেই বিশ্ববিদ্যালয় গুলোর ব্যাংক হিসাব জব্দ করা হয়েছে বলে জানান তিনি। বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো বলছে, ১৫ শতাংশ আয়কর দেয়ার বিষয়ে সুপ্রিম কোর্ট থেকে যে রায় ঘোষণা করা হয়েছে, সেটির পূর্ণাঙ্গ কপি এখনো হাতে পাননি তারা। ”আদালতের পূর্ণাঙ্গ রায় প্রকাশ এবং আয়কর দেওয়া সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার বিষয়ে কোনো সুযোগ না দিয়ে ঈদের আগে ব্যাংক এভাবে অ্যাকাউন্ট স্থগিত করা একটি অমানবিক পদক্ষেপ„, বিবিসি বাংলাকে বলেন বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির পরিচালক বেলাল আহমেদ। বাংলাদেশে বেসরকারি বিশ্ববিদ্যালয় গুলো মূলত 'বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-২০১০' এর আওতাধীন। এই আইনে ট্রাস্টের অধীনে অলাভজনক প্রতিষ্ঠান হিসেবেই সেগুলো প্রতিষ্ঠিত ও পরিচালিত হয়ে থাকে। ”আর বেসরকারি বিশ্ববিদ্যালয় আইনের ৪৪ এর সাত ধারা অনুযায়ী, একটি বিশ্ববিদ্যালয়ের সাধারণ তহবিলের অর্থ সেই বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনীয় ব্যয় ব্যতীত অন্য কোনো উদ্দেশ্যে ব্যয় করার বিধান নেই„, বিবিসি বাংলাকে

বলেন মি. আহমেদ। কাজেই আয়কর দিলে সেটি বিশ্ববিদ্যালয় আইনের সরাসরি লঙ্ঘন হবে বলেই মনে করছে বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি। "তবে এর মানে এই নয় যে, আদালতে রায়ের প্রতি আমাদের আস্থা নেই। আস্থা অবশ্যই আছে„, বিবিসি বাংলাকে বলেন মি. আহমেদ। "তবে আমরা এখন পূর্ণাঙ্গ রায় প্রকাশের অপেক্ষায় আছি। সেটি হাতে পেলেই আমাদের পরবর্তী করণীয় ঠিক করা হবে,„ বলেন তিনি। এদিকে, ঈদের আগে ব্যাংক হিসাব জব্দ করায় চরম বেকায়দায় পড়েছে ঢাকার বেসরকারি বিশ্ববিদ্যালয় গুলো। "এর ফলে আমাদের সকল আর্থিক কার্যক্রম পুরোপুরি বন্ধ হয়ে গেছে„, বিবিসি বাংলাকে বলেন মি. আহমেদ। "এক সপ্তাহ পরেই ঈদ, অথচ এখনও আমরা আমাদের শিক্ষক এবং কর্মকর্তা-কর্মচারীর বেতন-ভাতা দিতে পারছি না। এমনকি বিদ্যুৎ-পানিসহ অন্যান্য বিলও পরিশোধ করা সম্ভব হচ্ছে না„, বলেন তিনি। "সিদ্ধান্ত প্রত্যাহার এবং করারোপ সংক্রান্ত আইনগত জটিলতা নিরসনে আমরা এনবিআর, শিক্ষামন্ত্রী এবং রাষ্ট্রপতির কাছেও লিখিত অনুরোধ জানিয়েছি„, বিবিসি বাংলাকে বলেন বিশ্ববিদ্যালয় সমিতির পরিচালক বেলাল আহমেদ। জাতীয় রাজস্ব বোর্ড বলছে, তারা আদালতের নির্দেশেই আয়কর আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছেন। "আদালত কর আদায়ের পক্ষে রায় দিয়েছেন। আমরা এখন সেই আদেশটিই বাস্তবায়ন করছি„, বিবিসি বাংলাকে বলেন জাতীয় রাজস্ব বোর্ডের ঊর্ধ্বতন একজন কর্মকর্তা। এক্ষেত্রে বেসরকারি বিশ্ববিদ্যালয় গুলোর পক্ষ থেকে যে আইনগত জটিলতার কথা বলা হচ্ছে, সে বিষয়ে জানতে চাইলে ওই কর্মকর্তা বলেন, "তারা আগেও বিভিন্ন সময় এরকম নানান জটিলতার কথা বলেছেন। কিন্তু আদালতে সেগুলো টেকেনি। বিজ্ঞ আদালত সব বুঝে-শুনেই আয়কর আদায়ের পক্ষে রায় দিয়েছেন„, বলেন তিনি।

আদালত এ বিষয়ে নতুন কোনো রায় বা নির্দেশনা না দেয়া পর্যন্ত রাজস্ব বোর্ড তার কাজ চালিয়ে যাবে বলেও জানিয়েছেন নাম প্রকাশে অনিচ্ছুক ওই কর্মকর্তা। বিশ্লেষকরা বলছেন, ট্রাস্ট আইনের অধীনে প্রতিষ্ঠিত বেসরকারি বিশ্ববিদ্যালয় গুলোর মূলত অলাভজনক প্রতিষ্ঠান হওয়ার কথা। আইন অনুযায়ী, এগুলোর ট্রাস্টি বোর্ডের সদস্যরাও কোনো ধরনের বেতন বা লাভ নিতে পারেন না। কিন্তু বাস্তবে তার বিপরীত চিত্র থাকার অভিযোগ রয়েছে। "অডিট করতে গিয়ে আমরা দেখছি যে, বিশ্ববিদ্যালয় গুলোর অনেকেই নিয়মিতভাবে মুনাফা অর্জন করছে এবং মালিকপক্ষ নানান কৌশলে মুনাফার সুফলও ভোগ করছে„, বিবিসি বাংলাকে বলেন জাতীয় রাজস্ব বোর্ডের উচ্চপদস্থ একজন কর্মকর্তা। "এমনকি লাভে থেকেও অনেকে লোকসান দেখিয়েছেন, এমন ঘটনাও আমরা পেয়েছি„, বলেন নাম প্রকাশে অনিচ্ছুক ওই কর্মকর্তা। মূলত এরকম প্রতিষ্ঠানকে চিহ্নিত করে সেগুলোর উপর করারোপ করা হচ্ছে বলে জানানো হয়েছে। "অন্যান্য বাণিজ্যিক প্রতিষ্ঠানের কাছ থেকে আমরা ৩০ শতাংশ হারে আয়কর নিচ্ছি। শিক্ষা প্রতিষ্ঠান বলেই বেসরকারি বিশ্ববিদ্যালয় গুলোর কাছ থেকে ১৫ শতাংশ আয়কর কম নেওয়া হচ্ছে„, বিবিসি বাংলাকে বলেন রাজস্ব বোর্ডের কর্মকর্তা। এক্ষেত্রে আয়কর না দিলে বিশ্ববিদ্যালয় গুলোর জব্দ ব্যাংক হিসাব ছাড়া হবে না বলে জানিয়েছেন তিনি। "কর দিয়েই তাদের জব্দ ব্যাংক হিসাব মুক্ত করতে হবে। এক্ষেত্রে পুরোটা একবারে না পারলে কিস্তিতে হলেও দিতে হবে„, বিবিসি বাংলাকে বলেন ওই কর্মকর্তা। এমন কঠোর অবস্থানের কারণে কিছু কিছু বিশ্ববিদ্যালয় আংশিক আয়কর দিচ্ছে বলেও জানিয়েছেন তিনি। "এখন পর্যন্ত সাতটি বিশ্ববিদ্যালয় আংশিকভাবে আয়কর পরিশোধ করেছে। তাদের জব্দ অ্যাকাউন্ট ছেড়ে দেওয়া হচ্ছে„, বিবিসি বাংলাকে বলেন রাজস্ব বোর্ডের একজন উচ্চপদস্থ কর্মকর্তা। তবে ওই সাতটি বিশ্ববিদ্যালয় কারা, সে বিষয়ে বিস্তারিত কিছু জানাননি তিনি। বেসরকারি বিশ্ববিদ্যালয় গুলোর মধ্যে কারা করের আওতায় পড়বেন, সুপ্রিম কোর্টের রায়ের পর সেটির একটি ব্যাখ্যা দিয়েছিলেন অ্যাটর্নি জেনারেল এ এম আমিন উদ্দিন। "শিক্ষার্থীদের টিউশন ফি-সহ অন্যান্য আয় থেকে সমস্ত পরিচালন ব্যয়, বেতন ইত্যাদি মেটানোর পর যে অর্থ উদ্বৃত্ত থাকবে, তার উপরেই এই কর ধার্য হবে,, সাংবাদিকদের বলেন মি. উদ্দিন। কাজেই পরিচালন ব্যয় ও অন্যান্য আনুষঙ্গিক খরচের পর যদি দেখা যায়, প্রতিষ্ঠানের তহবিলে কোনো উদ্বৃত্ত বা বাড়তি অর্থ নেই, তাহলে তাদেরকে ১৫ শতাংশ আয়কর দিতে হবে না বলে জানা গেছে।

এদিকে, বর্তমান প্রেক্ষাপটে বেসরকারি বিশ্ববিদ্যালয় গুলোর আয়ের ওপর কর নেওয়ার সিদ্ধান্ত যৌক্তিক বলে মনে করছেন বিশ্লেষকদের কেউ কেউ। "যেসব শর্ত ও উদ্দেশ্যকে সামনে রেখে বেসরকারি বিশ্ববিদ্যালয় গুলোকে কর আওতার বাইরে রাখা হয়েছিলো, তাদের বেশিরভাগই এখন সেগুলো মেনে চলছে না„, বিবিসি বাংলাকে বলেন জাতীয় রাজস্ব বোর্ডের সাবেক চেয়ারম্যান মোহাম্মদ আব্দুল মজিদ। তিনি আরও বলেন, "কর রেয়াতের উদ্দেশ্য ছিল শিক্ষা বিস্তারের মাধ্যমে সামাজিক কল্যাণ সাধন, কিন্তু তারা এখন রীতিমত লাভজনক ব্যবসা প্রতিষ্ঠানে পরিণত হয়ে গেছে। কাজেই তাদের উপর করারোপ করাটা মোটেই অযৌক্তিক নয়„, বলেন মি. মজিদ। একই কথা বলছেন বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম। "করটা নেওয়া হচ্ছে বেসরকারি বিশ্ববিদ্যালয় গুলোর কর্পোরেট আয়ের উপরে। সুতরাং এর যৌক্তিকতা রয়েছে„, বিবিসি বাংলাকে বলেন মি. মোয়াজ্জেম। তবে আয়ের উদ্বৃত্ত অর্থ দিয়ে বিশ্ববিদ্যালয় গুলো যদি শিক্ষার্থীদের কল্যাণ ও পড়াশোনার গুণগতমান উন্নয়নে ব্যয় করতে চায়, সেটি বিবেচনায় নিয়ে তাদের করের হার আরেকটু কমানো যেতে পারে বলেও মনে করেন তিনি। বেসরকারি কোনো বিশ্ববিদ্যালয়কে এতদিন আয়কর দিতে হতো না। এখন নতুন করে

তাদের উপর যে করারোপ করা হয়েছে, আদতে সেটি শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের ওপর বাড়িতি চাপ তৈরি করতে পারে বলে অনেকের উদ্বেগ রয়েছে। "কর্তৃপক্ষ আসলে এই কর নিজেরা দিবে না। আগেও যে কোনও ধরনের খরচ ছাত্রছাত্রীদের ওপর চাপিয়ে দেয়ার চেষ্টা করা হয়েছে,, বিবিসি বাংলাকে বলেন বেসরকারি বিশ্ববিদ্যালয় ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী তাঞ্জিমুর রহমান রাফি। আর ফয়সাল মাহমুদ নামের আরেকজন শিক্ষার্থী বলছেন, "একটা শঙ্কা তৈরি হয় যে, বিশ্ববিদ্যালয় গুলো এরপর `হিডেন চার্জে,র দিকে যাবে। একেকটা বিশ্ববিদ্যালয় এখন একেক রকম ফি নেয়। এটা সামনের দিনে আরও প্রকট হবে,, বিবিসি বাংলাকে বলেন ইউনিভার্সিটি অব লিবারেল আর্টসের শিক্ষার্থী মি. মাহমুদ। শিক্ষার্থীদের এই আশঙ্কা যে অমূলক নয়, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বক্তব্যেও সেটি পরিষ্কার বোঝা যাচ্ছে। "এটি শিক্ষার্থীর ওপরে অটোমেটিক্যালি যাবে। আগে যারা ১০ টাকা নিতো, এখন ১২ টাকা নিবে,, বিবিসি বাংলাকে বলেন বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির সভাপতি শেখ কবির হোসেন। যদিও সুপ্রিম কোর্টের রায়ের পরে অ্যাটর্নি জেনারেল জানিয়েছিলেন যে, বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে আয়কর নেওয়ার ফলে শিক্ষার্থীরা কোনোভাবেই ক্ষতিগ্রস্ত হবেন না। "সুতরাং প্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে সরকারকেই সেটি নিশ্চিত করতে হবে,, বিবিসি বাংলাকে বলেন সিপিডি,র গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) এক্ষেত্রে বড় ভূমিকা রাখতে পারে বলে মনে করেন তিনি। "কোনো বিশ্ববিদ্যালয় যদি অযৌক্তিকভাবে বেতন-ফি বাড়ায়, অভিভাবক হিসেবে ইউজিসিকেই তাদের বিরুদ্ধে অ্যাকশনে যেতে হবে,, বিবিসি বাংলাকে বলেন সিপিডি,র গবেষণা পরিচালক মি. মোয়াজ্জেম। এর আগে, ২০১৫ সালে বেসরকারি বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ ও ইঞ্জিনিয়ারিং কলেজের ওপর সাড়ে সাত শতাংশ হারে ভ্যাট আরোপ করেছিল সরকার। এর প্রতিবাদে আন্দোলনে নামে শিক্ষার্থীরা। টানা কয়েক দিনের আন্দোলনের মুখে শেষমেশ আরোপিত ভ্যাট প্রত্যাহার করে নেয় সরকার।
(বিবিসি ওয়েব পেজ:০৩.০৪.২০২৪ রিহাব)

## তিন পয়সা বাসভাড়া কমিয়ে যাত্রীর কতটা লাভ হলো?

বাংলাদেশে জ্বালানি তেলের দাম কমার পর বাস ও মিনিবাস ভাড়া প্রতি কিলোমিটারে তিন পয়সা করে কমানোর সরকারি সিদ্ধান্ত নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে চলছে বেশ আলোচনা। পরিবহন মালিকরা বলছেন, দূরত্ব অনুযায়ী যাত্রীরা এর সুফল ভোগ করতে পারবে। ভাড়া কিছুটা হলেও কমবে বলে দাবি করছেন তারা। তবে, এই ভাড়া কমানোতে যাত্রীদের উপর তেমন কোনো প্রভাবই পড়বে না বলে মনে করছেন যাত্রী অধিকার সংশ্লিষ্টরা। তারা বলছেন, জ্বালানি তেলের দাম বাড়লে যে হারে ভাড়া বাড়ানো হয়, কিন্তু কমলে সেভাবে ভাড়া কমানো হয় না। স্বয়ংক্রিয় পদ্ধতিতে প্রতিমাসে সমন্বয়ের অংশ হিসেবে গত ৩১শে মার্চ ডিজেল ও কেরোসিনে ২ টাকা ২৫ পয়সা কমানো হয়েছে। এর ফলে এই দুই জ্বালানির দাম হয়েছে ১০৬ টাকা। দাম কমানোর পর বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) সোমবার বাস, মিনিবাসের ভাড়া তিন পয়সা কমানোর সিদ্ধান্ত নেয়। যা মঙ্গলবার থেকে কার্যকর হয়েছে। স্বয়ংক্রিয় পদ্ধতিতে প্রতিমাসে সমন্বয়ের অংশ হিসাবে ৩১শে মার্চ ডিজেল ও কেরোসিনের দাম কমানোর ঘোষণা দিয়েছে সরকার। এরই পরিপ্রেক্ষিতে বিআরটিএর বাস ভাড়া নির্ধারণ কমিটি বৈঠক করে ভাড়া কমানোর সুপারিশ করে। ওই বৈঠক প্রতি কিলোমিটারে তিন পয়সা করে ভাড়া কমানোর সুপারিশ করে যা মঙ্গলবার থেকেই কার্যকর হয়েছে। ওই সিদ্ধান্ত অনুযায়ী, আন্তঃজেলা ও দূরপাল্লার রুটে বাস ও মিনিবাসে প্রতি কিলোমিটারের ভাড়া হবে দুই টাকা ১২ পয়সা। যা আগে ছিল দুই টাকা ১৫ পয়সা। অর্থাৎ তিন পয়সা কমানো হয়েছে। এছাড়া ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে বাসের ভাড়া প্রতি কিলোমিটারে দুই টাকা ৪২ পয়সা নির্ধারণ করা হয়েছে। একইসাথে বাসের সর্বনিম্ন ভাড়া ১০ টাকা এবং মিনিবাসের সর্বনিম্ন ভাড়া ৮ টাকা বহাল রাখা হয়েছে। যে ভাড়া কমানো হয়েছে তাতে ঢাকা মহানগরীর যাত্রীদের উপর তেমন একটা প্রভাব পড়বে না বলে জানান যাত্রী অধিকার নিয়ে কাজ করা ব্যক্তিরা। তারা বলছেন, ঢাকার যে-সব রুট রয়েছে বেশিরভাগ রুটের গন্তব্যের শুরু ও শেষ ২৫ কিলোমিটারের মধ্যে। যাত্রীরা ও যাতায়াত করেন অল্প দূরত্বে। সরকারি হিসাব অনুযায়ী, প্রতি কিলোমিটারে তিন পয়সা কমানো হলে ৩৩ কিলোমিটার যাতায়াতের পর ৯৯ পয়সা বা এক টাকা ভাড়া কমবে।

রাজধানীর মিরপুর থেকে সদরঘাট পর্যন্ত দূরত্ব ১৮ দশমিক ২ কিলোমিটার। এ দূরত্বে যাতায়াত করলে একজন যাত্রীর ৫৪ দশমিক ৬ পয়সা ভাড়া কমবে। বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতির মহাসচিব মোজাম্মেল হক চৌধুরী বিবিসি বাংলাকে বলেন, "ভাড়া কমানোতে যাত্রীর উপর কোনো প্রভাব পড়বে না। কোনো বাস কাউন্টারেই এ ধরনের ভাঙতি পয়সার প্রচলন নেই,,। তিনি বলেন, "অতীতে যখন বিভিন্ন সময় ভাড়া কমানো হয়েছিল, তখন কোনো যাত্রাপথে ছয় টাকা, পাঁচ টাকা বা তিন টাকার খুচরা ভাড়া থাকলে সেটাকে তারা একটা রাউন্ড ফিগারে আদায় করে নেয়। তারা খুচরা এ টাকা কোনো হিসাবের মধ্যে নিয়ে আসেন না। যাত্রীরা এই টাকা কম দেওয়ার সুযোগ পায় না,,। ফলে অতীতে বিভিন্ন সময় ভাড়া কমালেও বাসে ভাড়া আদায়ের ক্ষেত্রে কার্যকর করা যায়নি বলে জানান মি. চৌধুরী। "এবারও এই ভাড়া কার্যকর করা যাবে এমনটি মনে হয় না,, বলেন মি. চৌধুরী। সাধারণ মানুষের জীবনে প্রভাব ফেলে এমনভাবে তেলের দাম কমিয়ে গণ-পরিবহনের ভাড়া কমাতে সরকারের প্রতি তিনি আহবান জানান। ঢাকার মিরপুর থেকে

তেজগাঁও পর্যন্ত বাসে যাতায়াত করেন একটি বেসরকারি ব্যাংকের চাকুরিজীবী নাজিয়া শারমিন। তিনি বলেন, "মিরপুর ১২ থেকে তিব্বত পর্যন্ত ভাড়া প্রথমে ২০ টাকা ছিল। যখন তেলের দাম বাড়ায় তখন ভাড়া একবারে ২৫ টাকা করে ফেলে বাস মালিকরা। পরে তেলের দাম কমলে ও কিন্তু ওই ভাড়া কমানো হয়নি„। "আবার যে-সব রুট অনুযায়ী ২৩ টাকা ভাড়া হয় সেখানে তারা কখনোই ভাঙতি টাকা দেয় না। দূরপাল্লার রুটে ভাড়া নিয়ে সবচেয়ে বেশি ভুগতে হয়,„ বলেন মিজ শারমিন। এবারও যত ক্ষুদ্র অঙ্কের ভাড়াই কমানো হোক না কেন তাতে যাত্রীদের উপর কোনো প্রভাব পড়বে না বলে মনে করেন তিনি।

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে এই তিন পয়সা ভাড়া কমানোর বিষয়টি নিয়ে অনেকেই ব্যঙ্গ করে লিখছেন। "যে দেশে দুই টাকার নিচে চকলেট পাওয়া যায় না, সেদেশে বাস ভাড়া তিন পয়সা কমানো, এটা আসলে হাস্যকর,„ ফেসবুকে এভাবেই কিলোমিটার প্রতি বাস ভাড়া তিন পয়সা কমানো নিয়ে মন্তব্য করেছেন ইয়াসিন মুন্সি নামে এক ব্যক্তি। আমরিন শেখ নামে একজন স্ট্যাটাস দিয়েছেন, "এই তিন পয়সা দিয়ে আমি গুলশানে একটা বাড়ি কিনবো আর একটা রোলস রয়েস কিনবো। আর আপনি?„ এর আগে ২০১০ সালে বাস ভাড়া পাঁচ পয়সা এবং ২০১৬ সালে তিন পয়সা করে কমানো হয়েছিল। কিন্তু পরিবহন সংশ্লিষ্টরা ঐ সময় ভাড়া কমায়নি। এরপর ২০২২ সালেও পাঁচ পয়সা ভাড়া কমানো হয়েছিল। কিন্তু যাত্রীদের কাছ থেকে ভাড়া আদায়ের ক্ষেত্রে পরিবহন মালিক-শ্রমিকরা এসব বিবেচনা করে না। এরই মধ্যে প্রতি বছরের মতো এবারও ঈদের যাত্রায় বাড়তি ভাড়া আদায়ের অভিযোগ উঠেছে। বাড়তি ভাড়া দিয়ে ঢাকার গাবতলী থেকে ঝিনাইদহের বাসের টিকেট কাটতে বাধ্য হন বেসরকারি চাকরিজীবী আজমল হোসেন। তিনি জানান, "ঢাকা থেকে ঝিনাইদহ আগে ভাড়া ছিল বারশ টাকা। কিন্তু এখন ঈদের সময় ভাড়া বাড়িয়ে আঠারশ টাকা করা হয়েছে। যদি তিন পয়সাও কমায় সেটার তো কোনো লক্ষণই নাই। উল্টো বাড়তি দিতে হয় আমাদের„। বাংলাদেশে ২০২১ সালে ডিজেল ও কেরোসিনের দাম প্রতি লিটারে ৬৫ টাকা থেকে বাড়িয়ে ৮০ টাকা করা হয়। পরের বছর আবারো ডিজেল ও কেরোসিনের দাম ৩৪ টাকা বৃদ্ধি করে সরকার। ফলে ডিজেলের দাম বেড়ে দাঁড়ায় ১১৪ টাকা। একবারে প্রায় ৫০ শতাংশ দাম বাড়ানোকে সে সময় বিশ্ববাজারে দাম বৃদ্ধির কারণ হিসেবে উল্লেখ করে সরকার। ফলে জ্বালানি তেলের এমন নজিরবিহীন দাম বৃদ্ধির কারণে বাস ভাড়া বাড়িয়ে দেয়া হয়। এ নিয়ে ব্যাপক সমালোচনার পর সরকার এ বছরের ফেব্রুয়ারিতে জ্বালানি তেলের স্বয়ংক্রিয় পদ্ধতিতে মূল্য নির্ধারণের সিদ্ধান্ত নেয়।

আন্তর্জাতিক বাজারদরের সঙ্গে সামঞ্জস্য রেখে প্রাইসিং ফর্মুলা অনুসারে ৩১শে মার্চ জ্বালানি তেলের নতুন দাম নির্ধারণ করা হয়েছে। এ নতুন সিদ্ধান্ত অনুযায়ী এখন প্রতি লিটার ডিজেল ও কেরোসিনের বর্তমান দাম ১০৮ টাকা ২৫ পয়সা থেকে কমিয়ে ১০৬ টাকা নির্ধারণ করা হয়েছে। অর্থাৎ দুই টাকা ২৫ পয়সা কমানো হয়েছে। এরই পরিপ্রেক্ষিতে বাস, মিনিবাসের ভাড়া প্রতি কিলোমিটারে তিন পয়সা ভাড়া কমিয়েছে বিআরটিএ। পরিবহন মালিকরা বলছেন, সরকার যখন এক লাফে ডিজেলের দাম বাড়ায় তখন পরিবহন শিল্পে ধস নামে। সে সময় বাস ভাড়া বাড়ানো হয়। বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতির সাধারণ সম্পাদক হোসাইন আহমেদ মজুমদার বিবিসি বাংলাকে বলেন, "সরকার একরকম মস্করার মতো করে এবার প্রথম দফায় ৭৫ পয়সা, পরে দুই টাকা ২৫ পয়সা দাম কমায়। ৩৪ টাকা বৃদ্ধির পরে তিন টাকা কমানোটা বৈষম্যের মতো„। তবুও আন্তর্জাতিক বাজারের উপর সমন্বয় করে ডিজেলের দাম কমানোতে একে সাধুবাদ জানাচ্ছেন তারা। একইসাথে যে ভাড়া কমানো হচ্ছে তাতে দূরপাল্লার যাত্রীরা এর সুফল ভোগ করবেন বলে মনে করছেন পরিবহন মালিকরা। মি. মজুমদার বলেন, "ঢাকা থেকে চট্টগ্রামের দূরত্ব ২৩০ কিলোমিটার হলে সাড়ে সাত টাকা থেকে আট টাকা ভাড়া কমতে পারে।„ আর চট্টগ্রাম শহরের ভেতরে গেলে দূরত্ব ২৪০ কিলোমিটার হবে কিন্তু ভাড়া ১০ টাকার কমবে না বলেও তিনি জানান। তবে ভোক্তা অধিকার সংগঠন কনজ্যুমার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ বা ক্যাবের উপদেষ্টা এবং জ্বালানি বিশেষজ্ঞ অধ্যাপক এম শামসুল আলম মনে করেন, গণপরিবহনের জন্য যে তিন পয়সা ভাড়া কমানো হয়েছে তাতে জনগণ কোনো সুবিধা পাবে না, বরং পরিবহন মালিকরাই সুবিধা পাবে। (বিবিসি ওয়েব পেজ:০৩.০৪.২০২৪ রিহাব)

## রুমায় সোনালী ব্যাংকের পর থানচি বাজারে দিনে দুপুরে দুই ব্যাংকে ডাকাতি

বাংলাদেশের পার্বত্য জেলা বান্দরবানের রুমা উপজেলায় মঙ্গলবার রাতে সোনালী ব্যাংকে ডাকাতির পর থানচি উপজেলায় দুটি ব্যাংকে আজ হানা দিয়েছে সন্ত্রাসীরা। এসময় হামলাকারীরা স্থানীয় বাজার ঘিরে রেখে ফাঁকা গুলি বর্ষণ করেছে বলে জানা গেছে। তবে সোনালী ব্যাংকের রুমা শাখা থেকে কোনো অর্থ লুট হয়নি বলে জানিয়েছে ব্যাংক কর্তৃপক্ষ। ঘটনার পর বুধবার ঢাকায় সচিবালয়ে এক ব্রিফিংয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান থানচির দুটি ব্যাংকে হামলার কথা নিশ্চিত করেছেন। এসময় তিনি ব্যাংক ডাকাতির ঘটনায় কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টকে (কেএনএফ) দায়ী করেন। এ ঘটনার পর বান্দরবানের সোনালী ব্যাংকের ছয়টি শাখা সাময়িক বন্ধ ঘোষণা করা হয়েছে। বান্দরবানের রুমা উপজেলার সোনালী ব্যাংকের শাখা থেকে কোনো টাকা লুট হয়নি বলে জানিয়েছে ব্যাংকটির সিইও অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর আফজাল করিম। বিবিসি বাংলাকে তিনি বলেন, ওই ব্যাংকের ভল্টে থাকা সব টাকা অক্ষত আছে। থানচিতেও তারা ভল্ট ভাঙতে পারেনি। তবে সেখানে তখন লেনদেন চলছিল। সে টাকাগুলো তারা নিয়ে গেছে।

থানচিতে এই ঘটনা এমন সময় ঘটলো যখন রুমা উপজেলা প্রশাসন কমপ্লেক্স ভবনের ব্যাংক থেকে অপহৃত ব্যাংক কর্মকর্তাকে উদ্ধারের জন্য আজ ভোর রাত থেকে যৌথ বাহিনী ওই অঞ্চলে অভিযান চালিয়ে যাচ্ছে। একইসাথে রুমা উপজেলায় ঘটনাস্থল পরিদর্শনে ছিলেন পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল-মামুন। বান্দরবানের জেলা পুলিশ সুপার সৈকত শাহীন বিবিসি বাংলাকে বলেছেন ডাকাতির ঘটনাটি তারা খতিয়ে দেখছেন। থানচি উপজেলা ভাইস চেয়ারম্যান চসা থোয়াই মারমাসহ কয়েকজন জনপ্রতিনিধি বিবিসি বাংলার কাছে ঘটনার সত্যতা নিশ্চিত করেন। তবে কারা এই হামলা চালিয়েছে সে বিষয়ে তাৎক্ষণিক কোনো মন্তব্য করতে রাজি হননি তারা। থানচির একজন জনপ্রতিনিধি জানিয়েছেন, বেলা সাড়ে এগারটার দিকে সশস্ত্র ডাকাতরা থানচি বাজার ঘিরে ফেলে এবং এরপর অস্ত্রের মুখে লোকজনের ফোন কেড়ে নিয়ে ব্যাংকে ঢুকে পড়ে। এর বাইরে আর কোনো মন্তব্য করতে তিনি রাজি হননি। যদিও জানা গেছে ব্যাংকে প্রবেশ করে নিরাপত্তাকর্মীদের অস্ত্র কেড়ে নেয়ার পর কাউন্টার এবং গ্রাহকদের কাছ থেকেও টাকা নিয়ে যায় ডাকাতরা।

প্রসঙ্গত, থানচি বাজারের সাথেই থানা ও বিজিবির ক্যাম্প ছাড়াও কাছেই সেনাবাহিনীর একটি চেকপোস্ট আছে। স্থানীয়রা অবশ্য বলছে অল্প সময়ের মধ্যেই ভীতিকর অবস্থা তৈরি করে দুই ব্যাংকে হামলা করে ডাকাতদল ওই এলাকা ছেড়ে যায়। ঢাকায় সচিবালয়ে এক ব্রিফিংয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান রুমা ও থানচিতে ব্যাংকে হামলার জন্য কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট বা কেএনএফকে দায়ী করেছেন। ”ইদানীংকালে কুকি চিন বিভিন্নভাবে অবস্থান জানান দিচ্ছিলো। রুমায় সোনালী ব্যাংকে ঢোকার আগে তারা বিদ্যুতের সাবস্টেশন বন্ধ করে। এরপর সোনালী ব্যাংকে অগ্রসর হয়। আজ আবার তারা থানচিতে কৃষি ও সোনালী ব্যাংকে হামলা করেছে। এখন আমাদের অপারেশন চলছে। কত টাকা লুট হয়েছে এ মুহূর্তে বলা যাচ্ছে না,„ বলছিলেন মি. খান। তবে কেএনএফ এর দিক থেকে এ বিষয়ে কোনো বক্তব্য আসেনি। বান্দরবানের জেলা প্রশাসক শাহ্ মোজাহিদ উদ্দিন ও পুলিশ সুপার সৈকত শাহীন সকালে সাংবাদিকদের বলেছেন যে রুমা সোনালী ব্যাংকের অপহৃত কর্মকর্তাকে উদ্ধারে অভিযান চলছে। এর কিছুক্ষণ পরই থানচি বাজারে হামলা ও দুটি ব্যাংকে ডাকাতির খবর আসে। প্রসঙ্গত, কেএনএফ এর সাথে গত কিছুদিন ধরে শান্তি প্রতিষ্ঠা নিয়ে একটি কমিটির মাধ্যমে স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা চলছিলো। গত পাঁচই মার্চ রুমাতেই বান্দরবান পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান ক্যশৈহ্লা মারমার নেতৃত্বাধীন ওই কমিটির সাথে শান্তি আলোচনায় অংশ নেয় কেএনএফ এর একটি প্রতিনিধি দল। এর আগে গত নভেম্বরে কেএনএফ এর সাথে প্রথম সরাসরি বৈঠক করেছিলো ক্যশৈহ্লা মারমার নেতৃত্বাধীন কমিটি। কমিটিতে সরকারি প্রতিনিধি হিসেবে অতিরিক্ত জেলা প্রশাসক ও একজন অতিরিক্ত পুলিশ সুপার যোগ দিয়েছিলেন। আর কেএনএফের পক্ষে ছিলেন কেন্দ্রীয় সহসভাপতি লাল এং লিয়ান বমের নেতৃত্বে পাঁচ সদস্যের একটি দল। স্থানীয় পুলিশ জানিয়েছে মঙ্গলবার রাতে রুমা উপজেলা প্রশাসন কমপ্লেক্স ভবনে সোনালী ব্যাংকে ডাকাতির আগে সেখানকার মসজিদ ঘিরে ফেলেছিলো ডাকাতরা। তাদের গায়ে কেএনএফ এর ইউনিফর্ম দেখেছেন স্থানীয়রা। হামলাকারীরা দায়িত্বে থাকা দুজন পুলিশ সদস্যকে ব্যারাকে ঢুকিয়ে ফোন ও অস্ত্র কেড়ে নেয়। ব্যারাকের সব পুলিশ সদস্যকে এক ঘন্টার মতো সেখানে আটকে রাখা হয়। উপজেলা পরিষদ কমপ্লেক্সের যে ভবনে সোনালী ব্যাংক তার নিচতলায় সরকারি কর্মকর্তারা থাকেন আর দ্বিতীয় তলায় ব্যাংকের উল্টো পাশেই থাকেন পুলিশ সদস্যরা। তবে পরিষদ চত্বরে ঢোকার আগেই ডাকাতরা সেখানকার বিদ্যুতের সাব স্টেশন বন্ধ করে দেয় বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান।

স্থানীয়রা বলছেন এশার নামাজের সময় মসজিদ ঘেরাওয়ের পাশাপাশি সোনালী ব্যাংকেও অবস্থান নেয় তারা। ডাকাতদের বিশ জনের মতো মসজিদে প্রবেশ করে ব্যাংক ম্যানেজারকে খুঁজতে শুরু করে। এরপর অস্ত্রের মুখে মুসল্লিদের জিম্মি করে সেখানে থাকা ব্যাংক ম্যানেজার নিজাম উদ্দিনকে নিয়ে যায় ব্যাংকে। এরপর ব্যাংকের ভেতরে ঢুকে ম্যানেজারের কাছে থাকা চাবি নিয়ে ভল্ট খোলার চেষ্টা করে তারা। তবে সোনালী ব্যাংক কর্তৃপক্ষ বিবিসি বাংলাকে জানিয়েছে, শেষ পর্যন্ত ভল্ট ভাঙতে না পারায় কোনো টাকা লুট করতে পারেনি সন্ত্রাসীরা। ডাকাতি শেষে ব্যাংক ম্যানেজারকে নিয়েই চলে যায় তারা। ডাকাতরা ব্যাংকের নিরাপত্তায় থাকা পুলিশে দুটি এসএমজি ছাড়াও আটটি অটো চাইনিজ রাইফেল, চারশোর বেশি বুলেট এবং আনসারদের চারটি শটগান ও ৩৫ রাউন্ড বুলেটও নিয়ে গেছে। মঙ্গলবার রাত নয়টা থেকে সাড়ে নয়টার মধ্যে এসব ঘটনা ঘটে বলে স্থানীয় প্রশাসনের বরাত দিয়ে জানিয়েছেন কেএনএফর সাথে আলোচনার জন্য স্থানীয়ভাবে প্রতিষ্ঠিত শান্তি কমিটির অন্যতম সদস্য সাংবাদিক মনিরুল ইসলাম। তিনি জানান ঘটনার পর থেকে থমথমে হয়ে আছে রুমা। দোকানপাট বন্ধ দেখা গেছে এবং লোকজনকেও ঘরের বাইরে আসতে খুব একটা দেখা যায়নি। ওদিকে পুলিশের আইজিপি চৌধুরী আব্দুল্লাহ আল-মামুন ঘটনাস্থল পরিদর্শন করেছেন। সবশেষ খবর অনুযায়ী অপহৃত কর্মকর্তাকে উদ্ধারে অভিযান অব্যাহত আছে। বাংলাদেশ সরকার ও আইনশৃঙ্খলা বাহিনী বিভিন্ন সময়ে কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট বা কেএনএফকে বিচ্ছিন্নতাবাদী সংগঠন হিসেবে বর্ণনা করে আসছে। তবে কেএনএফের ঘোষণা ও বিভিন্ন সময়ে গণমাধ্যমের উদ্দেশে দেয়া বক্তব্য অনুযায়ী, বান্দরবান ও রাঙ্গামাটির অন্তত ছয়টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রতিনিধিত্ব করছে তারা। যদিও দলবদ্ধভাবে তাদের বম হিসেবেও প্রচার করছে অনেকে।

কেএনএফ-এর প্রতিষ্ঠাতা হিসেবে নাথান বম এর নাম গণমাধ্যমে এসেছে। মি. বম এক সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের শিক্ষার্থী ছিলেন এবং বান্দরবানের রুমা উপজেলায় তার বাড়ি বলে জানা যাচ্ছে। ২০২২ সালের দিকে এ সংগঠনটি আলোচনায় আসে। তখন তাদের ফেসবুকে ও ইউটিউব পোস্টে সামরিক প্রশিক্ষণ ছাড়াও শুরু থেকেই সরকার ও জনসংহতি সমিতির বিরুদ্ধে আনুষ্ঠানিক বক্তব্য দিতে দেখা যাচ্ছিলো। এরপর স্থানীয় একটি উদ্যোগের অংশ হিসেবে কেএনএফ সদস্যদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে একটি কমিটি গঠন করা হয়। সে কমিটি কয়েকটি ভার্চুয়াল বৈঠক শেষে গত নভেম্বরে কেএনএফ এর সাথে সরাসরি আলোচনায় বসতে সক্ষম হয়। চলতি মাসের প্রথম সপ্তাহেই উভয় পক্ষের মধ্যে দ্বিতীয় সরাসরি বৈঠকটি হয়েছিল।
(বিবিসি ওয়েব পেজ:০৩.০৪.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### নির্বাচন বর্জন করে বিএনপি নেতারাই দিশেহারা : হাছান মাহমুদ

নির্বাচন বর্জন করে বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) নেতারাই দিশেহারা বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ। বুধবার (৩ এপ্রিল) বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে এ মন্তব্য করেন তিনি। `বিএনপি নির্বাচনে না আসায় আওয়ামী লীগ দিশেহারা,, বিএনপি নেতা ড. আব্দুল মঈন খানের এমন মন্তব্যের বিষয়ে প্রশ্ন করলে হাছান মাহমুদ বলেন, ”নির্বাচন বর্জন করে বিএনপি নেতারাই দিশাহারা হয়ে উদ্ভট আবোল-তাবোল কথা বলা শুরু করেছে।... ভোটে না আসার যে কী যন্ত্রণা, সেটি বিএনপি নেতারা সবাই বুঝতে পারছে।„ উপজেলা নির্বাচন দলীয় প্রতীকবিহীন করার সিদ্ধান্ত নিয়ে এক প্রশ্নের জবাবে হাছান মাহমুদ বলেন, ”নির্বাচন দলীয় প্রতীকবিহীন ও উন্মুক্ত প্রার্থীতায় হবে। দলীয় প্রতীকবিহীন উপজেলা নির্বাচন এবারই প্রথম নয়। আগে উপজেলা নির্বাচনগুলো দলীয় প্রতীকবিহীনই হতো, শুধু গতবারই দলীয় প্রতীকে হয়েছে।„ তিনি আরও বলেন, ”নির্বাচনে অবশ্যই অযাচিত হস্তক্ষেপ সমীচীন নয়, মানুষ তাদের পছন্দ মতো ভোট দেবে, আমরা কাউকে দলীয় মনোনয়ন দিচ্ছি না।„ `দেশে আইনের শাসন নেই,, ড. মুহাম্মদ ইউনূসের এমন মন্তব্য নিয়ে প্রশ্ন করলে হাছান মাহমুদ বলেন, ”দেশে আইনের শাসন আছে বলেই তিনি দণ্ডপ্রাপ্ত হয়েও আদালতের দেওয়া জামিনে মুক্ত আছেন।„

এদিকে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান বলেছেন, ”বিএনপি কখনো বলেনি তারা নির্বাচনে যাবে না, বরং আমরা বলেছি বর্তমান সরকারের অধীনে `সাজানো, একতরফা, প্রহসন ও প্রতারণামূলক, নির্বাচনে অংশ নেবে না।„ তিনি বলেন, ”এবারের উপজেলা নির্বাচনের সঙ্গে আগের নির্বাচনের মধ্যে খুব একটা পার্থক্য হবে না। তাই উপজেলা নির্বাচনে বিএনপির অংশগ্রহণের কোনো সম্ভাবনা নেই।„ বুধবার (৩ এপ্রিল) সম্প্রতি কারাগার থেকে মুক্তি পাওয়া যুবদলের কেন্দ্রীয় কমিটির সাবেক সহসভাপতি এস এম জাহাঙ্গীরের উত্তরার বাসায় যান তিনি। তাঁর সঙ্গে দেখা করার পর সাংবাদিকদের এ কথা বলেন তিনি। মঈন খান বলেন, ”উপজেলা নির্বাচনে আওয়ামী লীগের দলীয় প্রতীক বরাদ্দ না রাখার সিদ্ধান্তে প্রমাণিত হয়েছে যে, আওয়ামী লীগ নিজেই স্বীকার করে যে, দেশের জনগণ নৌকা প্রতীককে প্রত্যাখ্যান করেছে। কারণ, উপজেলা নির্বাচনে পরাজয়ের ভয়ে আওয়ামী লীগ নিজেই নৌকা ডুবিয়েছে।„ মঈন খান বলেন, ”আমরা অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন চাই। বিএনপি জনগণের সমর্থন নিয়ে নির্বাচনে জিতে একাধিকবার সরকার গঠন করেছে। আমরা জনগণকে শাসন করায় বিশ্বাস করি না, তাদের সেবা করার জন্য রাজনীতি করি।„ তিনি বলেন, জনগণকে ভোটাধিকার ফিরিয়ে দেবে কী দেবে না, সে সিদ্ধান্ত নেবে সরকার।বিএনপির আন্দোলনের ফলাফল সম্পর্কে এক প্রশ্নের জবাবে মঈন খান বলেন, ”বিএনপির সংগ্রামের ফল না পেলে ৯৫ শতাংশ মানুষ ৭ জানুয়ারির ডামি নির্বাচন বর্জন করল কেন?„ আওয়ামী লীগ রাজনীতি করছে ক্ষমতায় থাকার জন্য আর বিএনপি রাজনীতি করছে মানুষের সেবা করার জন্য উল্লেখ করে তিনি বলেন, ”আওয়ামী লীগ যে অবৈধ পন্থায় ক্ষমতা দখল করেছে, বিএনপি কখনো তা চিন্তাও করে না।„ বিএনপি শান্তিপূর্ণ ও নিয়মতান্ত্রিক রাজনীতিতে বিশ্বাস করে উল্লেখ করে মঈন খান আরও বলেন, তারা ৭ জানুয়ারির নির্বাচনে ভোট না দেওয়ার জন্য দেশের জনগণকে অনুরোধ করেছিলেন এবং তারা (জনগণ) প্রহসন, সাজানো ও একতরফা ডামি নির্বাচন বর্জন করে তা বাস্তবায়ন করেছে।„ তিনি বলেন, রাজনৈতিক বিশ্বাসের কারণে কারও বিরুদ্ধে মামলা দেওয়ার নজির পৃথিবীতে আর কোথাও নেই। ”আমরা অল্প কিছু স্বৈরাচারী দেশকে চিনি, যেখানে বিরোধী দলের দমন বাংলাদেশের চেয়ে খারাপ নয়।„ উল্লেখ্য, বাংলাদেশে চার ধাপে উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। ২১ মার্চ (বৃহস্পতিবার) প্রথম ধাপের ১৫২টি উপজেলা নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়। তফসিল অনুযায়ী প্রথম ধাপের মনোনয়নপত্র জমার শেষ দিন ১৫ এপ্রিল এবং ভোট গ্রহণ ৮ মে। এরপর ১ এপ্রিল (সোমবার) দ্বিতীয় ধাপের ১৬১টি উপজেলা পরিষদের নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে। এসব উপজেলায় ভোট গ্রহণ করা হবে ২১ মে। তৃতীয় ও চতুর্থ ধাপের উপজেলা পরিষদের নির্বাচনের তফসিল এখনো ঘোষণা করা হয়নি। (ভোয়া ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ এলিনা)

## বান্দরবানে ব্যাংকে ডাকাতির ঘটনায় পুলিশ-বিজিবির সঙ্গে যোগ দেবে সেনাবাহিনী : স্বরাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশের পার্বত্য বান্দরবান জেলার রুমা ও থানচি এলাকায় সশস্ত্র হামলা ও ব্যাংক ডাকাতির ঘটনায় সরকারের সক্রিয় প্রতিক্রিয়ার কথা নিশ্চিত করে জঙ্গি সংগঠন কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টকে (কেএনএফ) দায়ী করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। বুধবার (৩ এপ্রিল) মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি হামলাকারীদের কার্যক্রম সহজতর করতে স্থানীয় বিদ্যুৎ বিঘ্নসহ তাদের কৌশলের বিস্তারিত তুলে ধরেন। ঘটনার সময়, কেএনএফ সদস্যরা পুলিশ কনস্টেবল, ব্যাংকের গার্ড এবং আনসার সদস্যদের লক্ষ্য করে হামলা চালায়। পুলিশ সদস্যরা তারাবিহ নামাজে থাকার সময় একজন ব্যাংক ম্যানেজারকে অপহরণ করে এবং একটি ব্যাংকের ভল্ট ভাঙে। যদিও লুট করা অর্থের সঠিক পরিমাণ অনিশ্চিত রয়ে গেছে। আসাদুজ্জামান খান জোর দিয়ে বলেন, আরও তথ্য সংগ্রহ ও পরিস্থিতি মোকাবিলায় আইনশৃঙ্খলা বাহিনীর অভিযান অব্যাহত রয়েছে। প্রয়োজনে পুলিশ ও বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) অভিযানে সেনাবাহিনীর সম্ভাব্য সম্পৃক্ততার কথা উল্লেখ করেন তিনি। জঙ্গি হুমকি মোকাবিলার পাশাপাশি আসাদুজ্জামান খান সীমান্ত হত্যা বন্ধের লক্ষ্যে ভারতের সঙ্গে চলমান আলোচনা নিয়েও কথা বলেন। তিনি স্বীকার করেন যে, উভয় দেশের অবৈধ কার্যকলাপে জড়িত নাগরিকেরা প্রায়শই এই ধরনের ঘটনা ঘটিয়ে থাকেন। আলোচনায় হতাহত ঠেকাতে প্রাণঘাতী নয় এমন পদ্ধতি ব্যবহার করার সম্ভাবনা রয়েছে। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ক্যাম্পাসে জঙ্গিবাদের উত্থান নিয়ে উদ্বেগ প্রসঙ্গে তিনি বলেন, সরকারের কাছে সুনির্দিষ্ট কোনো তথ্য নেই, তবে সরকার এ বিষয়ে হাইকোর্টের নির্দেশনা মেনে চলবে। বান্দরবানে নতুন সশস্ত্র সংগঠন কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ) ২০২২ সালের এপ্রিলে আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করে। কেএনএফের ঘোষণা ও বিভিন্ন সময়ে গণমাধ্যমের উদ্দেশে দেওয়া বক্তব্য অনুযায়ী, বান্দরবান ও রাঙ্গামাটি জেলার অন্তত ছয়টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রতিনিধিত্ব করছে তারা। এ সময় তারা ফেসবুকে রাঙামাটির বাঘাইছড়ি, বরকল, জুরাছড়ি ও বিলাইছড়ি এবং বান্দরবানের রোয়াংছড়ি, রুমা, থানচি, লামা ও আলীকদম উপজেলাগুলোর সমন্বয়ে পৃথক রাজ্যের দাবি করে। এদিকে কেএনএফ পাহাড়ে তাদের আস্তানায় সমতলের নতুন জঙ্গি সংগঠন জামাতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়ার সদস্যদের সশস্ত্র প্রশিক্ষণ দিয়েছিল বলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ইতিপূর্বে গণমাধ্যমকে জানিয়েছিল। সেই আস্তানায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ২০২৩ সালে অভিযান চালিয়ে জামাতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়া ও কেএনএফের বেশ কয়েক সদস্যকে গ্রেপ্তার করে। অন্যদিকে কেএনএফ সদস্যদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার জন্য ২০২৩ সালের মে মাসে বান্দরবানের জেলা পরিষদের চেয়ারম্যান ক্য শৈহ্লা মারমার নেতৃত্বে 'শান্তি প্রতিষ্ঠা, কমিটি গঠন করা হয়েছিল। ওই কমিটির সঙ্গে কেএনএফের দ্বিতীয় দফা বৈঠক হয় ৫ মার্চ। (ভোয়া ওয়েব পেজ : ০৪.০৪.২০২৪ এলিনা)

## অবৈধ যানবাহনের বিরুদ্ধে অভিযানের দাবি নৌ, সড়ক ও রেলপথ রক্ষা জাতীয় কমিটির

ঈদুল ফিতরে সড়ক দুর্ঘটনা ও প্রাণহানি রোধে ত্রুটিপূর্ণ ও রুট পারমিটবিহীন বাসসহ সব ধরনের অবৈধ যানবাহন এবং লাইসেন্সবিহীন চালকের বিরুদ্ধে অভিযান পরিচালনার দাবি জানিয়েছে নৌ, সড়ক ও রেলপথ রক্ষা জাতীয় কমিটি। বুধবার (৩ এপ্রিল) সভাপতি হাজি মোহাম্মদ শহীদ মিয়া ও সাধারণ সম্পাদক আশীষ কুমার দে স্বাক্ষরিত এক বিবৃতিতে এ দাবি জানায় সংগঠনটি। বিবৃতিতে জাতীয় কমিটি বলেছে, নিকট অতীতে বিভিন্ন সময়ে সড়ক পরিবহনমন্ত্রীসহ সরকারের দায়িত্বশীল কর্মকর্তারা দুর্ঘটনার জন্য ত্রুটিপূর্ণ ও অবৈধ যানবাহন এবং অদক্ষ ও লাইসেন্সবিহীন চালকদের দায়ী করেছেন। অথচ সংশ্লিষ্ট সরকারি সংস্থাগুলো এসব অনিয়ম ও অব্যবস্থাপনার বিরুদ্ধে কার্যকর কোনো পদক্ষেপ নিচ্ছে না। এর ফলে দৃশ্যত সড়ক ও মহাসড়কগুলো মৃত্যুফাঁদে পরিণত হয়েছে। দেশের বিভিন্ন স্থানে নিয়মিত সড়ক দুর্ঘটনা ও ধারাবাহিক হতাহতের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে বিবৃতিতে আরও বলা হয়, সড়ক-মহাসড়কে অহরহ দুর্ঘটনা ও অনাকাঙ্ক্ষিত মৃত্যু ঘটলেও দুর্ঘটনার ঝুঁকিমুক্ত সড়ক প্রতিষ্ঠার ক্ষেত্রে সংশ্লিষ্ট সব মহল উদাসীন রয়েছে। নিকট অতীতের মতো আসন্ন ঈদুল ফিতরের আগে প্রাণঘাতী দুর্ঘটনায় পুনরাবৃত্তি যেন না ঘটে, সে ব্যাপারেও সড়ক পরিবহন মন্ত্রণালয় ও বিআরটিএকে সতর্ক করে সংগঠনটি। এ জন্য রাজধানী ঢাকাসহ দেশের সকল মহাসড়ক, আন্তঃজেলা সড়ক ও আঞ্চলিক সড়কে অবিলম্বে ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রম শুরুর আহ্বান জানিয়েছে সংগঠনটি। অবৈধ যানবাহন এবং লাইসেন্সবিহীন ও অপ্রাপ্তবয়স্ক চালকসহ আইন ভঙ্গকারীদের বিরুদ্ধে কঠোর ভূমিকা পালনের জন্য বিআরটিএ, পুলিশ, ট্রাফিক পুলিশ, হাইওয়ে পুলিশ ও জেলা প্রশাসনের প্রতিও আহ্বান জানানো হয় বিবৃতিতে। (ভোয়া ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ এলিনা)

## বর্তমান সরকারের অধীনে উপজেলা নির্বাচনে অংশ নেবে না বিএনপি : মঈন খান

বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান বলেছেন, "বিএনপি কখনো বলেনি তারা নির্বাচনে যাবে না, বরং আমরা বলেছি বর্তমান সরকারের অধীনে 'সাজানো, একতরফা, প্রহসন ও প্রতারণামূলক, নির্বাচনে অংশ নেবে না।„ তিনি বলেন, "এবারের উপজেলা নির্বাচনের সঙ্গে

আগের নির্বাচনের মধ্যে খুব একটা পার্থক্য হবে না। তাই উপজেলা নির্বাচনে বিএনপির অংশগ্রহণের কোনো সম্ভাবনা নেই।„ বুধবার (৩ এপ্রিল) সম্প্রতি কারাগার থেকে মুক্তি পাওয়া যুবদলের কেন্দ্রীয় কমিটির সাবেক সহসভাপতি এস এম জাহাঙ্গীরের উত্তরার বাসায় যান তিনি। তাঁর সঙ্গে দেখা করার পর সাংবাদিকদের এ কথা বলেন তিনি। মঈন খান বলেন, ”উপজেলা নির্বাচনে আওয়ামী লীগের দলীয় প্রতীক বরাদ্দ না রাখার সিদ্ধান্তে প্রমাণিত হয়েছে যে, আওয়ামী লীগ নিজেই স্বীকার করে যে, দেশের জনগণ নৌকা প্রতীককে প্রত্যাখ্যান করেছে। কারণ, উপজেলা নির্বাচনে পরাজয়ের ভয়ে আওয়ামী লীগ নিজেই নৌকা ডুবিয়েছে।„ মঈন খান বলেন, ”আমরা অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন চাই। বিএনপি জনগণের সমর্থন নিয়ে নির্বাচনে জিতে একাধিকবার সরকার গঠন করেছে। আমরা জনগণকে শাসন করায় বিশ্বাস করি না, তাদের সেবা করার জন্য রাজনীতি করি।„ তিনি বলেন, জনগণকে ভোটাধিকার ফিরিয়ে দেবে কি দেবে না, সে সিদ্ধান্ত নেবে সরকার। বিএনপির আন্দোলনের ফলাফল সম্পর্কে এক প্রশ্নের জবাবে মঈন খান বলেন, ”বিএনপির সংগ্রামের ফল না পেলে ৯৫ শতাংশ মানুষ ৭ জানুয়ারির ডামি নির্বাচন বর্জন করল কেন?„ আওয়ামী লীগ রাজনীতি করছে ক্ষমতায় থাকার জন্য আর বিএনপি রাজনীতি করছে মানুষের সেবা করার জন্য উল্লেখ করে তিনি বলেন, ”আওয়ামী লীগ যে অবৈধ পন্থায় ক্ষমতা দখল করেছে, বিএনপি কখনো তা চিন্তাও করে না।„ বিএনপি শান্তিপূর্ণ ও নিয়মতান্ত্রিক রাজনীতিতে বিশ্বাস করে উল্লেখ করে মঈন খান আরও বলেন, তারা ৭ জানুয়ারির নির্বাচনে ভোট না দেওয়ার জন্য দেশের জনগণকে অনুরোধ করেছিলেন এবং তারা (জনগণ) প্রহসন, সাজানো ও একতরফা ডামি নির্বাচন বর্জন করে তা বাস্তবায়ন করেছে।„ তিনি বলেন, রাজনৈতিক বিশ্বাসের কারণে কারও বিরুদ্ধে মামলা দেওয়ার নজির পৃথিবীতে আর কোথাও নেই। ”আমরা অল্প কিছু স্বৈরাচারী দেশকে চিনি, যেখানে বিরোধী দলের দমন বাংলাদেশের চেয়ে খারাপ নয়।„ উল্লেখ্য, বাংলাদেশে চার ধাপে উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। ২১ মার্চ (বৃহস্পতিবার) প্রথম ধাপের ১৫২টি উপজেলা নির্বাচনের তফশিল ঘোষণা করা হয়। তফশিল অনুযায়ী প্রথম ধাপের মনোনয়নপত্র জমার শেষ দিন ১৫ এপ্রিল এবং ভোট গ্রহণ ৮ মে।এরপর ১ এপ্রিল (সোমবার) দ্বিতীয় ধাপের ১৬১টি উপজেলা পরিষদের নির্বাচনের তফশিল ঘোষণা করা হয়েছে। এসব উপজেলায় ভোট গ্রহণ করা হবে ২১ মে। তৃতীয় ও চতুর্থ ধাপের উপজেলা পরিষদের নির্বাচনের তফশিল এখনো ঘোষণা করা হয়নি।
(ভোয়া ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ এলিনা)

## বাংলাদেশে শিশু ও মাতৃমৃত্যু কমানোর পদক্ষেপ নিয়েছে সরকার : শেখ হাসিনা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সরকার বিভিন্ন বাস্তবমুখী পদক্ষেপের মাধ্যমে বাংলাদেশে দারিদ্র্যের পাশাপাশি শিশু ও মাতৃমৃত্যুর হার হ্রাস করেছে। তিনি বলেন, ”জনগণের প্রাথমিক চিকিৎসা সুবিধার ব্যবস্থা করতে আমরা সারাদেশে কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠা করেছি। ফলে শিশু ও মাতৃমৃত্যুর হার হ্রাস পেয়েছে। বুধবার (৩ এপ্রিল) শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল ও নার্সিং কলেজের ব্যবস্থাপনা দল প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে তাঁর সঙ্গে সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। কেপিজে হেলথকেয়ারের প্রেসিডেন্ট ও ব্যবস্থাপনা পরিচালক বেরহাদ চিন কিট চুয়ান প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। সাক্ষাৎ শেষে প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার এম নজরুল ইসলাম সাংবাদিকদের ব্রিফ করেন। শেখ হাসিনা বলেন, এলাকার শ্রমিক ও জনগণ যাতে সহজে চিকিৎসা সুবিধা পায় সেজন্য এই শিল্পাঞ্চলে শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল প্রতিষ্ঠা করা হয়েছে। হাসপাতালটি জাতির জনক বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্টের অধীনে পরিচালিত হয় বলে জানান তিনি। শেখ হাসিনা বলেন, ”আমি ও আমার বোন শেখ রেহানা আমাদের সব স্থাবর-অস্থাবর সম্পত্তি জনগণের স্বার্থে ট্রাস্টে দান করেছি। আমাদের কেউ নেই এবং আমরা মানুষের কল্যাণে আমাদের সম্পদ দান করেছি।„ এক সময় বাংলাদেশের লোকেরা দরিদ্র ও স্বাস্থ্যসেবা সুবিধা থেকে বঞ্চিত ছিল এবং দিনে দুই বেলা খাবার জোগাড় করতে পারত না উল্লেখ করে তিনি বলেন, ”আমরা দারিদ্র্যের হার কমাতে সক্ষম হয়েছি।, উল্লেখ্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের অধীনে শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল ও নার্সিং কলেজ প্রতিষ্ঠিত হয়েছে। ২৫০ শয্যার হাসপাতালটি পরিচালনার দায়িত্বে রয়েছে মালয়েশিয়ার বেসরকারি স্বাস্থ্যসেবা সংস্থা কেপিজে হেলথকেয়ার বেরহাদ। কেপিজে হেলথ কেয়ার বেরহাদের বর্তমানে মালয়েশিয়ায় ২৯টি হাসপাতালের একটি চেইন রয়েছে।বঙ্গবন্ধুর সহধর্মিণী শেখ ফজিলাতুন্নেছা মুজিবের নামে নামকরণ করা ২৫০ শয্যার এই হাসপাতালটি ২০১৩ সালে প্রতিষ্ঠার পর থেকে মানুষের সেবায় নিয়োজিত রয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের অধীনে গাজীপুরের কালিয়াকৈর উপজেলার কাশিমপুর ইউনিয়নে প্রতিষ্ঠিত অত্যাধুনিক এই চিকিৎসা কেন্দ্রটি মালয়েশিয়ার বেসরকারি স্বাস্থ্যসেবা সংস্থা কুম্পুলান পেরুবেতান জোহর (কেপিজে) হেলথকেয়ার বেরহাদের মাধ্যমে পরিচালিত হচ্ছে। এটি বাংলাদেশের প্রথম ইন্টিগ্রেটেড ম্যানেজমেন্ট সিস্টেম (আইএমএস) সনদপ্রাপ্ত হাসপাতাল ও নার্সিং কলেজ। ২০১৭ সালে বাংলাদেশের স্বাস্থ্য খাতে অবদানের জন্য আন্তর্জাতিক সনদ প্রদানকারী সংস্থা ব্যুরো ভেরিতাসের পদক পায় প্রতিষ্ঠানটি। (ভোয়া ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ এলিনা)

## এআই নীতি প্রণয়নে নাগরিক অধিকার সংস্থা ও অংশীজনদের সম্পৃক্ত করার আহ্বান

জাতীয় কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) নীতি-২০২৪ খসড়া প্রণয়নের জন্য বাংলাদেশ সরকারের উদ্যোগকে স্বাগত জানিয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) ও আর্টিকেল নাইনটিন। তবে এই নীতি প্রণয়নে নাগরিক অধিকার সংস্থা ও অংশীজনকে সম্পৃক্ত করার আহ্বান জানিয়েছে সংগঠন দুটি। বুধবার (৩ এপ্রিল) এক যৌথ বিবৃতিতে সংস্থা দুটির পক্ষ থেকে এই আহ্বান জানানো হয়। যৌথ বিবৃতিতে বাংলাদেশের প্রত্যেক নাগরিকের ওপর সুদূরপ্রসারী ও ব্যাপক বিস্তৃত প্রভাব রয়েছে এমন একটি নীতির খসড়া প্রস্তুত ও পর্যালোচনা প্রক্রিয়ায় আগে নাগরিক অধিকার ও আইনের শাসন নিয়ে কাজ করে এমন কোনো নাগরিক সংস্থাকে যুক্ত না করায় উদ্বেগ প্রকাশ করা হয়। একইসঙ্গে, কৃত্রিম বুদ্ধিমত্তা নীতির খসড়া নিয়ে ৩ এপ্রিল অনুষ্ঠিত আলোচনায় মানবাধিকার ও সুশাসন নিয়ে কর্মরত সংস্থাগুলোকে উপেক্ষার বিষয়েও হতাশা প্রকাশ করেছে টিআইবি ও আর্টিকেল নাইনটিন। যৌথ বিবৃতিতে সংস্থা দুটির পক্ষ থেকে আরও বলা হয়, কৃত্রিম বুদ্ধিমত্তা নীতির খসড়াটি মূলত বিভিন্ন দেশের কৃত্রিম বুদ্ধিমত্তাকেন্দ্রিক অভিজ্ঞতাসমূহকে মাথায় রেখে করা হয়েছে। বাংলাদেশের প্রেক্ষাপটে সরকারি সেবা, শাসন ও বিচারিক ব্যবস্থা, টেলিযোগাযোগ, ডেটা গভর্ন্যান্স, নজরদারি ইত্যাদি বিষয়ে গুরুত্বারোপ করা হলেও, এই নীতির ফলে দেশের নাগরিকদের ওপর বহুমুখী প্রভাব সম্পর্কে সুস্পষ্ট আলোচনা করা হয়নি। এমনকি, এই খসড়া প্রণয়ন প্রক্রিয়ায় নাগরিক অধিকার নিয়ে কাজ করেন এমন কোনো ব্যক্তি বা সংস্থাকে সম্পৃক্ত করার বিষয়টি কেবলই উপেক্ষা করা হয়েছে। খসড়ার মূলনীতির অংশ হিসেবে ৩.৬ অনুচ্ছেদে আইনের শাসন ও মানবাধিকার উল্লিখিত হওয়াকে উৎসাহব্যঞ্জক বিবেচনা করে টিআইবি ও আর্টিকেল নাইনটিন উদ্বেগ প্রকাশ করছে যে, নীতিমালায় অন্তর্ভুক্ত প্রাধান্যের ক্ষেত্র, বাস্তবায়ন পদ্ধতি এবং চ্যালেঞ্জ মোকাবিলা ইত্যাদি ক্ষেত্রে আইনের শাসন ও মানবাধিকার সংশ্লিষ্ট বিষয়ে কোনো গুরুত্ব দেওয়া হয়নি। যা ঝুঁকিপূর্ণ ও অগ্রহণযোগ্য।

অন্যদিকে, জাতীয় কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) নীতি ২০২৪ খসড়া অনুযায়ী, সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থাসমূহকে নিয়ে একটি স্বাধীন জাতীয় কৃত্রিম বুদ্ধিমত্তা সেন্টার প্রতিষ্ঠা করা হবে। এতে জাতীয় এআই উপদেষ্টা পরিষদ গঠনের কথাও বলা হয়েছে সংস্থায়। কিন্তু এই পরিষদের উপদেষ্টা, চেয়ারম্যানসহ প্রায় সব সদস্যই সরকারি বিভিন্ন সংস্থার প্রতিনিধি। ফলে এই পরিষদের স্বাধীনতা নিয়ে যেমন প্রশ্ন থেকে যায়, একইভাবে মানবাধিকার বা নাগরিকের তথ্যসহ সকল সুরক্ষার বিষয়টি গৌণ হয়ে পড়ে। এ অবস্থায়, জাতীয় কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) নীতি ২০২৪ খসড়া পর্যালোচনা ও নীতি প্রণয়নে একটি সময়াবদ্ধ কর্মকৌশল তৈরি, নীতি প্রণয়ন প্রক্রিয়ার প্রতিটি ধাপে ও এআই উপদেষ্টা পরিষদ গঠনে বিশেষজ্ঞসহ নাগরিক অধিকার সংস্থাসমূহের প্রতিনিধিদের সম্পৃক্ত করার আহ্বান জানিয়েছে টিআইবি ও আর্টিকেল নাইনটিন।বিবৃতিতে বলা হয়, হ্যাকিং, স্প্যামিংয়ের পাশাপাশি মিথ্যা বা ভুয়া তথ্য প্রচার, ভুয়া ভিডিও বানানোর মতো অপরাধমূলক কর্মকাণ্ডে বা রাষ্ট্রীয় নজরদারিতে এআইয়ের ব্যাপক ব্যবহারের সুযোগ রয়েছে। ফলে তা নাগরিকের ব্যক্তিগত তথ্যের সুরক্ষা, গোপনীয়তার বিষয়সমূহের প্রতি হুমকি হয়ে উঠতে পারে। কারণ খসড়া নীতিমালার ৪.২.৬ ধারায় কৃত্রিম বুদ্ধিমত্তার মাধ্যমে নজরদারি ব্যবস্থা চালুর কথা বলা হয়েছে। মূলত জাতীয় নিরাপত্তার খাতিরে এই নজরদারির ব্যবস্থা সৃষ্টির কথা বলা হলেও, তা নাগরিকের তথ্য বিশ্লেষণ ও রাষ্ট্রীয় নজরদারির মাধ্যমে `পুলিশি রাষ্ট্র, কায়েমের ঝুঁকি সৃষ্টি করতে পারে। আরও আশঙ্কা এই যে, সরকার একটি নীতির প্রণয়নের মাধ্যমে তার নাগরিকের উপর নজরদারির বিষয়টি স্বীকারও করছে, যা মানবাধিকারের সুস্পষ্ট লঙ্ঘন।নজরদারির প্রবণতা থেকে সরে এসে আইনের শাসন ও মানবাধিকার নিশ্চিতের উপযোগী করার জন্য খসড়াটিকে ঢেলে সাজানোর আহ্বান জানানো হয় বিবৃতিতে। উল্লেখ্য, তথ্য ও যোগাযোগপ্রযুক্তি (আইসিটি) বিভাগ কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) নীতিমালার খসড়া তৈরি করেছে। এতে বলা হয়েছে, এআই নিয়ে একটি স্বাধীন সংস্থা গঠন করা হবে। উচ্চপর্যায়ের অংশীজনদের নিয়ে একটি উপদেষ্টা পরিষদ গঠন করা হবে। সব বিশ্ববিদ্যালয়ে এআই সেন্টার চালু, সংশ্লিষ্ট খাতে শিক্ষানবিশ প্রোগ্রাম চালু করা এবং এআইভিত্তিক সেবা দিতে গেলে কর্তৃপক্ষের মানসনদ নেওয়ার বাধ্যবাধকতা থাকছে। আইসিটি বিভাগ ১ এপ্রিল সোমবার জাতীয় এআই (কৃত্রিম বুদ্ধিমত্তা) নীতিমালা ২০২৪–এর খসড়া প্রকাশ করেছে। খসড়ায় বলা হয়েছে, সরকার ২০২০ সালে জাতীয় কৃত্রিম বুদ্ধিমত্তা কৌশল প্রণয়ন করে। কিন্তু বর্তমানে বিস্তৃত নীতি গ্রহণের গুরুত্ব অনুধাবন করে সরকার এআই নীতি প্রবর্তন করতে যাচ্ছে। এ নীতিতে এআইয়ের আইনি, নৈতিক ও সামাজিক প্রভাবগুলো মোকাবিলার কথা বলা হয়েছে। এ নীতির লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে বলা হয়েছে, বাংলাদেশকে এআই উদ্ভাবন ও প্রযুক্তি গ্রহণে অগ্রগামী হিসেবে প্রতিষ্ঠিত করতে এবং ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশে রূপান্তরে সহায়তা করতে এটা করা হচ্ছে। সেপ্টেম্বরের মধ্যে এআই আইনের খসড়া তৈরি হবে বলে সম্প্রতি আইনমন্ত্রী আনিসুল হক জানিয়েছিলেন। (ভোয়া ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ এলিনা)

## বন কর্মকর্তা হত্যাকারীদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিতে কাজ করছে মন্ত্রণালয় : সাবের হোসেন

কক্সবাজারে বন কর্মকর্তা হত্যাকারীদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিতে মন্ত্রণালয় কাজ করছে বলে জানিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী সাবের হোসেন চৌধুরী। বুধবার (৩ এপ্রিল) রাজধানী ঢাকার আগারগাঁওয়ের পর্যটন ভবনে

আয়োজিত এক কর্মশালায় বক্তব্য শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। সাবের হোসেন চৌধুরী বলেন, ”কক্সবাজারের উখিয়ায় সংরক্ষিত বনের পাহাড় কেটে মাটি পাচারকারীদের ড্রাম্প ট্রাকের চাপায় বনবিট কর্মকর্তাকে হত্যার ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিতে আইন অনুযায়ী প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে„। তিনি বলেন, ”এ ঘটনায় মামলা দায়ের করা হয়েছে এবং এজাহারভুক্ত এক অভিযুক্তকে গ্রেপ্তার করেছে পুলিশ„। তিনি আরও বলেন, হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি হবে বলে প্রত্যাশা করছে মন্ত্রণালয়। জলবায়ু বাস সংক্রান্ত এক প্রশ্নের জবাবে তিনি বলেন, জলবায়ু পরিবর্তন ট্রাস্টের মাধ্যমে প্রকল্প বাছাই ও বরাদ্দ প্রদানে নতুন নীতিমালা করা হচ্ছে। ভবিষ্যতে নীতিমালা অনুসরণ করে প্রকল্প গ্রহণ করা হবে, ফলে বিসিসিটির অতীতের ভুলভ্রান্তি পরিহার করা সম্ভব হবে। এর আগে কর্মশালায় সাবের হোসেন চৌধুরী বলেন, সীসা বিষক্রিয়ার ঝুঁকি কমাতে এবং বাংলাদেশের শিশুদের স্বাস্থ্যকর ভবিষ্যৎ নিশ্চিত করতে সরকার ও তার মন্ত্রণালয় সম্ভাব্য সকল পদক্ষেপ গ্রহণ করবে। এ কাজে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা এবং অংশগ্রহণ খুবই গুরুত্বপূর্ণ বলে মন্তব্য করেন তিনি। `অ্যাড্রেসিং দ্য চিলড্রেনস এনভায়রনমেন্টাল হেলথ উইথ এ পার্টিকুলার ফোকাস অন লেড পয়জনিং ইন বাংলাদেশ, শীর্ষক এই কর্মশালার আয়োজন করে পরিবেশ ও সামাজিক উন্নয়ন সংস্থা (এসডো)। সাবেক সচিব ও এসডোর চেয়ারপারসন সৈয়দ মার্গুব মোর্শেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন- পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. আব্দুল হামিদ, মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক কেয়া খান, বাংলাদেশ শিশু অ্যাকাডেমির মহাপরিচালক আনজির লিটন, আমদানি ও রপ্তানির প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত সচিব) এস কে রফিকুল ইসলাম ও ইউনিসেফের স্বাস্থ্য বিভাগের প্রধান মায়া ভ্যানডেনেন্ট। উল্লেখ্য, কক্সবাজারের উখিয়ার রাজাপালংয়ের হরিণমারা এলাকায় ডাম্পারের (মিনিট্রাক) চাপায় নিহত বন বিট কর্মকর্তা সাজ্জাদুজ্জামান। ৩০ মার্চ (শনিবার) দিবাগত রাত সাড়ে ৩টার দিকে হরিণমারা এলাকায় ফরিদ আলমের দোকানের সামনের সড়কে সাজ্জাদুজ্জামান ডাম্পারের চাপায় নিহত হন। শনিবার গভীর রাতে হরিণমারায় পাহাড় কেটে ডাম্পারে ভরে বালু পাচার হচ্ছিল। খবর পেয়ে সাজ্জাদুজ্জামান বন বিভাগের গাড়িচালক মো. আলীকে (২৭) নিয়ে মোটরসাইকেলে ঘটনাস্থলে পৌঁছান। এ সময় বালু পাচারকারীরা ডাম্পার দিয়ে মোটরসাইকেল আরোহী সাজ্জাদুজ্জামান ও আলীকে চাপা দিয়ে পালিয়ে যায়। এতে মাথা ফেটে অতিরিক্ত রক্তক্ষরণে ঘটনাস্থলেই মারা যান তিনি। আহত অবস্থায় চালক আলীকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। সাজ্জাদুজ্জামান কক্সবাজার দক্ষিণ বন বিভাগের উখিয়া রেঞ্জের দোছড়ি বন বিটের দায়িত্বে ছিলেন। ২০২০ সালের ফেব্রুয়ারিতে বন বিভাগে যোগ দেন সাজ্জাদুজ্জামান। তিনি মুন্সিগঞ্জ জেলার গজারিয়ার ভবেরচর ইউনিয়নের ভিটিকান্দি এলাকার মোহাম্মদ শাহজাহানের ছেলে।

(ভোয়া ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

### বাংলাদেশের অর্থনীতিতে আছে ৪ চ্যালেঞ্জ আর ৩ ঝুঁকি: বিশ্বব্যাংক

বিশ্বব্যাংক বলেছে, বাংলাদেশের অর্থনীতিতে বর্তমানে চারটি চ্যালেঞ্জ রয়েছে। এগুলো হলো উচ্চ মূল্যস্ফীতি, বৈদেশিক মুদ্রার ঘাটতি, আমদানি নিয়ন্ত্রণ এবং আর্থিক খাতের ঝুঁকি। এসব কারণে বিশ্বব্যাংক পূর্বাভাস দিয়েছে যে চলতি বছরে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি কমে যেতে পারে। গতকাল (মঙ্গলবার) বিশ্বব্যাংক বাংলাদেশের অর্থনীতির সার্বিক পরিস্থিতি নিয়ে প্রতিবেদন প্রকাশ করেছে। সেখানে ঐ চারটি চ্যালেঞ্জের কথা উল্লেখ করা হয়েছে। বিশ্বব্যাংকের মতে, এ বছর প্রবৃদ্ধি কমে হতে পারে ৫ দশমিক ৬ শতাংশ। তবে সরকার চলতি অর্থবছর প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ঠিক করেছে সাড়ে ৭ শতাংশ। এর পাশাপাশি অর্থনীতিতে তিনটি ঝুঁকি বিরাজমান বলেও মনে করে সংস্থাটি। প্রথম ঝুঁকি হলো, মুদ্রা বিনিময় হার সংস্কার বিলম্ব হওয়ায় তা বৈদেশিক মুদ্রার ঘাটতি এবং আমদানি নিয়ন্ত্রণকে দীর্ঘস্থায়ী করছে। দ্বিতীয়ত, জিনিসপত্রের বাড়তি দামের কারণে উচ্চ মূল্যস্ফীতি দীর্ঘদিন ধরে অব্যাহত থাকা। আর তৃতীয় ঝুঁকি হলো সমন্বিত সংস্কার কর্মসূচি না নেওয়ায় তা আর্থিক খাতের চলমান ঝুঁকি আরও বাড়িয়ে দিতে পারে।

(রেডিও তেহরান: ২০৩০ ঘ. ০৩.০৪.২০২৪ রুবাইয়া)

## এনএইচকে

### তাইওয়ান ভূমিকম্পে অন্তত ৯ জন নিহত ও প্রায় ৯০০ জন আহত

বুধবার সকাল ৭টা ৫৮ মিনিটে তাইওয়ানের পূর্ব উপকূলে একটি শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। কর্তৃপক্ষ বলছে, ভূমিকম্পে অন্তত নয়জন নিহত ও প্রায় ৯০০ জন আহত হয়েছেন। তাইওয়ানের কেন্দ্রীয় আবহাওয়া প্রশাসন জানিয়েছে, ভূমিকম্পের কেন্দ্রবিন্দু ছিল পূর্ব তাইওয়ানের হুয়ালিয়েন জেলা থেকে প্রায় ২৫ কিলোমিটার দূরে আনুমানিক ১৫ কিলোমিটার মাটির গভীরে। ভূমিকম্পটির আনুমানিক মাত্রা ছিল ৭.২। আবহাওয়া প্রশাসন সুনামির সতর্কতা জারি করেছে এবং সমুদ্রপৃষ্ঠের আকস্মিক পরিবর্তনের জন্য মানুষকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছে। ভূমিকম্পটিকে ০ থেকে ৭ভিত্তিক তাইওয়ানি স্কেলে হুয়ালিয়েন জেলায় উর্ধ্ব ৬ এবং উত্তরপূর্বের ইইলান জেলায় উচ্চ ৫-এর তীব্রতায় নথিভুক্ত করা হয়েছে। তাইওয়ানের সংবাদমাধ্যম জানিয়েছে, হুয়ালিয়েন জেলা ও অন্যান্য এলাকায় ভবন ধসে

পড়েছে। তারা বলছে, ভবনে আটকে পড়া লোকজনকে উদ্ধারের জন্য অভিযান চলছে। সংবাদমাধ্যম আরও উল্লেখ করেছে যে, বহু মানুষ ভূমিধসে এবং পাথর পড়ে আহত হয়েছেন। ভূমিকম্পে জীবনযাত্রাও ক্ষতিগ্রস্ত হয়েছে। বিস্তৃত এলাকাজুড়ে বিদ্যুৎ বিভ্রাট নিশ্চিত করা হয়েছে। পানি ও গ্যাসের প্রধান সরবরাহ লাইন ব্যাহত হয়েছে এবং রেল পরিষেবাও স্থগিত করা হয়েছে। (এনএইচকে ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### সমঝোতার আবহে ১৭ ঘণ্টায় কেএনএফ-এর তিন ডাকাতি

নিরাপত্তা বিশ্লেষকরা বলছেন, কেএনএফ-এর সঙ্গে সমঝোতা হয়ে গেছে- এমনটি ধরে না নিলে হয়ত এমন উপর্যুপরি ডাকাতি এড়ানো যেতো। বান্দরবান জেলার রুমা উপজেলা সোনালী ব্যাংকের শাখায় ডাকাতির ১৭ ঘন্টার মাথায় সেই জেলার থানচি উপজেলার আরো দুইটি শাখায় ডাকাতি হয়েছে। সশস্ত্র বন্দুকধারীরা দুপুর একটার দিকে থানচির সোনালী ও বাংলাদেশ কৃষি ব্যাংকে গুলি করতে করতে ঢুকে নগদ টাকা লুট করে নিয়ে যায়। পুলিশের আইজি চৌধুরী আব্দুল্লাহ আল মামুন বুধবার দুপুর ১২টার দিকে আগের রাতে রুমায় ব্যাংক ডাকাতির ঘটনাস্থল পরিদর্শনে যান। পুলিশের আইজি ব্যাংক ডাকাতির ঘটনা পরিদর্শনে যখন রুমা থানা এলাকায় অবস্থান করছিলেন, তখনই পাশের থানা থানচিতে ব্যাংক ডাকাতির ঘটনা ঘটে। ওই ঘটনার তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় রুমার সাংবাদিকদের তিনি বলেন, ”আমরা একটু আগেই বিষয়টি শুনেছি। আমরা সতর্ক ছিলাম বলেই তারা এসে পালিয়ে গেছে। এ ব্যাপারে তথ্য সংগ্রহ করছি।„ এদিকে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান বুধবার দুপুরে সচিবালয়ে এক ব্রিফিংয়ে বলেছেন, ” বান্দরবানে দুই দিনে ব্যাংক ডাকাতির ঘটনায় কুকি-চীন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ) জড়িত বলে জানা গেছে। এ ব্যাপারে বিস্তারিত তথ্য এখনো পাওয়া যায়নি। আইজিপির নেতৃত্বে একটি টিম সেখানে রয়েছে । তারা সার্বিক দিক খতিয়ে দেখছেন। পুলিশ ও বিজিবির সদস্যরা সেখানে অভিযান চালাচ্ছে। সেনাবাহিনীর সদস্যরাও যোগ দেবেন।„

এদিকে পুরো বান্দরবান জেলায় বুধবার দুপুরের পর সব ব্যাংকের শাখায় লেনদেন বন্ধ করে দেয়া হয়। থানচি উপজেলায় তিনটি `চাঁদের গাড়িতে' করে ডাকাতরা আসে । ডাকাতির পর তারা ওই গাড়িতে করেই পাহাড়ের রাস্তা ধরে চলে যায় বলে প্রত্যক্ষদর্শীরা জানায়। এই ঘটনায় স্থানীয়রা সশস্ত্র বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠী কুকি-চীন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ)-এর সদস্যদের দায়ী করেছেন। থানচির সোনালী ও কৃষি ব্যাংকের স্থানীয় শাখায় ঢুকে সশস্ত্র ব্যক্তিরা ভল্ট খুলতে পারেনি বলে জানিয়েছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. মামুন। তিনি জানান, ”যতটুকু জানা গেছে, সোনালী ব্যাংক থেকে প্রায় ১৫ লাখ এবং কৃষি ব্যাংক থেকে প্রায় সাত-আট লাখ টাকা নিয়ে গেছে ডাকাতরা।„ তিনি বলেন, ”ডাকাতরা ব্যাংকের ভল্ট খুলতে না পেরে কাউন্টারে রাখা ও গ্রাহকদের উত্তোলন করা টাকা নিয়ে গেছে। ভীতি সৃষ্টি করতে ডাকাতরা ব্যাংকের ভেতরে ব্যাপক গোলাগুলি করেছে।„ দুইটি শাখা ব্যাংক থেকে মোট ১৭ লাখ ৫০ হাজার টাকা তারা নিয়ে গেছে বলে সর্বশেষ তথ্যে জানা গেছে। থানচি কৃষি ব্যাংকের ম্যানেজার হ্লাসুই থোয়াই মারমা বলেন, ”বাইরে তিনটি গাড়ি ছিল। ডাকাতরা একযোগে দুইটি ব্যাংকে প্রবেশ করে। তারা ব্যাংকের ভিতরে গুলি করে আতঙ্ক সৃষ্টি করে। পাশেই পুলিশ ফাঁড়ি আছে । তাদের মধ্যে তাড়াহুড়ো ছিল। ব্যাংকের সবাইকে তারা একটি রুমে আটক করে। এরপর ভল্টের চাবি না পেয়ে তারা বাইরে যে নগদ টাকা ক্যাশ কাউন্টার গ্রাহকদের কাছে ছিল, তা নিয়ে চলে যায়। তারা বেশিক্ষণ অবস্থান করেনি।„ থানচি উপজেলা চেয়ারম্যান থোয়াই হ্লা মং মার্মা ডয়চে ভেলেকে বলেন, ”তারা ২০-২৫ জন তিনটি গাড়িতে করে আসে । তারা সবাই ছিল সশস্ত্র এবং কুকি-চীন গ্রুপের পোশাক পরা। ব্যাংক দুইটির শাখা পাশাপাশি। উপজেলা পরিষদ ও বাজারের মাঝামাঝি। সেখানে একটি পুলিশ ফাঁড়িও আছে। তারা ব্যাংকের মধ্যে গুলি করতে করতে ঢোকে। ব্যাংকের ভিতরেও ব্যাপক গোলাগুলি করে।„

এর আগে মঙ্গলবার রাত ৮টার দিকে তারাবির নামাজের সময় সশস্ত্র ব্যক্তিরা রুমা উপজেলার সোনালী ব্যাংকে হামলা চালিয়ে ১৪টি আগ্নেয়াস্ত্র এবং নগদ টাকা লুট করে নিয়ে যায়। হামলাকারীরা সশস্ত্র বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠী কুকি-চীন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ)-এর সদস্য। সোনালী ব্যাংকের শাখা অফিসটি উপজেলা পরিষদ চত্বরে। এটির নীচতলায় থাকেন সরকারি কর্মকর্তারা। দ্বিতীয় তলার এক পাশে সোনালী ব্যাংক রুমা শাখা। আরেক পাশে থাকেন ব্যাংকের নিরাপত্তার দায়িত্বে থাকা ১০ জন পুলিশ সদস্য। ডাকাতরা প্রথমে উপজেলা পরিষদ মসজিদে ঢুকে ব্যাংকের শাখা ব্যবস্থাপককে ধরে নিয়ে যায়। তারপর তারা ব্যাংকের ভল্ট খুলে টাকা লুট করে। টাকার পরিমাণ সম্পর্কে এখনো নিশ্চিত হওয়া যায়নি । তবে রুমা শাখায় এক কোটি ৬০ লাখ টাকা ছিল বলে ব্যাংক কর্তৃপক্ষ জানিয়েছে। কেএনএফের সদস্যরা নগদ টাকা ছাড়াও দুটি এসএমজি (লাইট মেশিন গান) ও ৬০টি গুলি, ৮টি চীনা রাইফেল ও ৩২০টি গুলি, ৪টি শটগান ও ৩৫টি কার্তুজ লুট করে নিয়ে গেছে। ব্যাংকের নিরাপত্তার দায়িত্বে ১০ জন পুলিশ সদস্য থাকলেও তাদের সবাইকে পাশের ব্যারাকে ঢুকিয়ে আটক করে ডাকাতি করা হয় বলে পুলিশ দাবি করেছে। এদিকে ওই ব্যাংকে আট জন আনসার সদস্যও দায়িত্বে ছিলেন। তাদের মধ্যে চারজন আহত হয়েছেন। ডাকাতির সময় ওই এলাকায় বিদ্যুৎ ছিল না এবং তারা উপজেলা পরিষদের সামনে বান্দরবান-রুমা সড়কে ব্যারিকেড দিয়ে দেয়। ডাকাতি করে যাওয়ার সময় তারা ব্যাংকের ম্যানেজার মো. নিজাম উদ্দিনকে অপহরণ করে নিয়ে যায়। এখন পর্যন্ত ম্যানেজারকে উদ্ধার করা যায়নি। রুমা উপজেলা

চেয়ারম্যান অংথোয়াইচিং মার্মা বলেন, ”ডাকাতির কিছুক্ষণ আগে পুরো এলাকার বিদ্যুৎ চলে যায়। ডাকাত দল এক ঘন্টার মতো ছিল। তারা চলে যাওয়ার পাঁচ মিনিট পর আবার বিদ্যুৎ চলে আসে। তারা ব্যাংক এবং পাশের সড়ক ও আশপাশ এলাকার নিয়ন্ত্রণ নিয়ে নেয়। সড়কে তারা তল্লাশী করে। মোবাইল ফোন নিয়ে নেয়। ওই দলে শতাধিক সশস্ত্র ব্যক্তি ছিল। তারা কুকি-চীনের কেএনএফ লেখা পোশাক পরা ছিল। মুখ ছিল কালো রং এবং মুখোশে ঢাকা। তারা ডাকতির আগেই ব্যাপক গুলি ছোঁড়ে।„ তিনি বলেন, ”ব্যাংকের নিরাপত্তায় পুলিশ, আনসার সবই ছিল। তবে আগেই তাদের নিরস্ত্র করে ফেলে ডাকাতরা।„

বান্দরবানের পুলিশ সুপার সৈকত শাহীন ডয়চে ভেলেকে বলেন, ”দুই থানায় ব্যাংকের তিনটি শাখায় ডাকাতির ঘটনায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে। তবে কেউ গ্রেপ্তার হয়নি। সেনা, বিজিবি ও পুলিশ মিলে যৌথ বাহিনীর অভিযান চলছে।„ ব্যাংকের নিরাপত্তার প্রশ্নে তিনি বলেন, ”রুমায় ডাকাতির সময় বিদ্যুৎ ছিল না। ফলে পুলিশ কিছু বুঝে ওঠার আগেই তাদের নিরস্ত্র করে ফেলে। আর থানচিতে পুলিশ প্রতিরোধ করেছে। আমাদের একজন পুলিশ সদস্য কয়েক রাউন্ড গুলিও ছুঁড়েছে। তাদের প্রতিরোধের কারণেই ডাকাতরা ব্যাংকের ভল্ট ভাঙতে পারেনি। তারা বাইরে যে টাকা ছিল তা নিয়ে দ্রুত পালিয়ে যায়।„ আর পুলিশের আইজি বলেন, ”তারা ব্যাংক লুট করেছে। আনসার, পুলিশের অস্ত্র নিয়েছে এবং সোনালী ব্যাংকের ম্যানেজারকে নিয়ে গেছে। আমরা দেখছি। অস্ত্রগুলো কোথায় আছে খুঁজে দেখবো। এবং এর সঙ্গে যারা জড়িত, তাদের বিরুদ্ধে যথাযথ কঠিন ব্যবস্থা নেওয়া হবে।„

কুকি-চীন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ) মূলত পার্বত্য চট্টগ্রামের বান্দরবানকেন্দ্রিক আঞ্চলিক নতুন বিচ্ছিন্নতাবাদী সংগঠন। কেএনএফ পার্বত্য তিন জেলার প্রায় অর্ধেক আয়তনের অঞ্চল, তথা লামা, রুমা, আলীকদম, থানচি, রোয়াংছড়ি, বিলাইছড়ি, জুরাইছড়ি, বরকলসহ আশপাশের এলাকায় তৎপর রয়েছে গত চার-পাঁচ বছর ধরে। কেএনএফ প্রধান হলেন নাথান বম। গত তিন বছরে তাদের বিরুদ্ধে ব্যাপক অভিযান চালানো হয়। অভিযানের সময় তাদের শতাধিক সদস্য গ্রেপ্তার হয়। অস্ত্র উদ্ধার হয়। পুলিশ ও র্যাব তখন জানায়, কেএনএফ দুর্গম পাহাড়ে বাংলাদেশের জঙ্গিদের প্রশিক্ষণ ও অস্ত্র দিয়ে অর্থ আয় করে। তারা কথিত `কুকিল্যাণ্ড' প্রতিষ্ঠা করতে চায়। তাদের কথিত একটি ম্যাপও আছে ওই কুকিল্যান্ডের। রুমা উপজেলা চেয়ারম্যান অংথোয়াইচিং মার্মা বলেন, ”আমরা কুকি-চীনের তৎপরতার মধ্যেই আছি। তারা নানা সময়ে অপহরণ ও চাঁদাবাজির সঙ্গে জড়িত। গত বছর তারা একজন ইউপি চেয়াম্যানকে অপহরণ করেছিল। তারা দুর্গম পাহাড়ে অবস্থান করে।„ আর থানচি উপজেলা চেয়ারম্যান থোয়াই হ্লা মং মার্মা বলেন, ”কুকি-চীন সন্ত্রাসী গোষ্ঠীর তৎপরতা আবার বেড়ে যাচ্ছে। তারা নানা স্থানে হামলা চালাচ্ছে। অপহরণ করছে। আমরা আসলে নিরাপত্তাহীনতায় আছি। তারা অপরাধ করে পাহাড়ে চলে যায়। আমরা সবসময় আতঙ্কে থাকি। আমাদের লোকালয়ের কিছু লোক তাদের সহযোগী হিসেবে কাজ করে। তথ্য সরবরাহ করে। রুমার ব্যাংক ডাকাতির ঘটনায় তা স্পষ্ট হয়েছে। তারা আসলো, বিদ্যুৎ চলে গেল। তারা গেল, বিদ্যুৎ চলে এলো। এটা আমার কাছে রহস্যময় মনে হয়.„ বলেন এই জনপ্রতিনিধি। নিরাপত্তা বিশ্লেষক ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আব্দুর রশিদ বলেন, ” আগের অভিযানগুলোর মাধ্যমে কুকি-চীন গ্রুপটিকে দমন করা যায়নি। তাদের সঙ্গে সমঝোতা করা হয়েছিল। বলা হয়েছিল তারা আর সন্ত্রাসী তৎপরতা চালাবে না। কিন্তু এখানে আমাদের পক্ষ থেকে থ্রেট অ্যাসেসমেন্টে ভুল করা হয়েছে। ওই সমঝোতার ভিত্তিতে আমাদের নিরাপত্তা শিথিল করা ঠিক হয়নি।„ তার কথা, ”এই বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠীটির অংশ মিয়ানমার ও ভারতেও আছে। সেখানেও তারা সক্রিয়। তাই তাদেরকে হালকাভাবে নেয়া ঠিক হয়নি। তাদের সঙ্গে জঙ্গিদেরও সম্পর্ক আছে। আর এই সন্ত্রাসী গোষ্ঠীর প্রধান নাথান বম এখনো ধরা-ছোঁয়ার বাইরে।„ আর মেজর জেনারেল (অব.) আ ন ম মুনীরুজ্জামান বলেন, ”তারা কোনোভাবেই দুর্বল হয়নি। তারা আরো শক্তি সঞ্চয় করে এখন তার জানান দিচ্ছে। সীমান্তের ওপারে তাদের যে তৎপরতা, তার প্রভাব পড়ছে বাংলাদেশে।„ তার মতে, ”দেশের বাইরে থেকে তারা অস্ত্র পাচ্ছে। রোহিঙ্গা ক্যাম্প থেকেও তারা অস্ত্র পায়। জঙ্গিদের চেয়ে বিচ্ছিন্নতাবাদীদের সঙ্গে তারা ঘনিষ্ঠ সম্পর্ক বজায় রাখছে।„ স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ”কুকি-চীন যে গ্রুপটি আগেও বান্দরবানে একটি জায়গায় অবস্থান করে জঙ্গি বাহিনীর সঙ্গে আঁতাত করে একটা ট্রেনিংয়ের ব্যবস্থা করেছিল। আমাদের র‌্যাব ও আর্মি সেই ঘাঁটি সরিয়ে দিয়েছে। ইদানিং কুকি-চীন আবার বিভিন্নভাবে তাদের অবস্থান জানান দিচ্ছে। এ বিষয়ে আমাদের যা যা করার, আমরা করবো। এখানে যারা জড়িত বা করেছে আমরা সবগুলোর ব্যবস্থা নেবো।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ:০৩.০৪.২০২৪ রিহাব)

## মিয়ানমার থেকে ফিরবে আটকে পড়া ১৭০ বাংলাদেশি: পররাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশে প্রবেশ করে আশ্রয় নেওয়া মিয়ানমারের ১৮০ জন সীমান্তরক্ষী ও সেনাসদস্যকে ফেরত পাঠানোর পাশাপাশি মিয়ানমারে আটকা পড়া ১৭০ জন বাংলাদেশিকে দেশে আনার ব্যবস্থা নেয়া হচ্ছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। বুধবার দুপুরে ঢাকার সেগুনবাগিচায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা জানান। পররাষ্ট্রমন্ত্রী বলেন, ``মিয়ানমারের ১৭৭ জন বর্ডার গার্ড পুলিশ বিজিপি সদস্য ও তিন জন সেনাসদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছেন। আমাদের সঙ্গে আলোচনায় মিয়ানমার সরকার তাদের ফেরত নিতে সম্মত হয়েছে। তারা নৌপথের প্রস্তাব দিয়েছিল। আমরা এ সপ্তাহেই তাদের ফেরত পাঠাব আশা করছিলাম।

কিন্তু সমুদ্র অনুকূলে না থাকায় আগামী সপ্তাহে বা সমুদ্র শান্ত হলে সহসাই তাদের পাঠানো হবে।'' পাশাপাশি মিয়ানমারে বিভিন্ন সময় আটক ১৭০ জন বাংলাদেশিকে দেশে ফিরিয়ে আনার প্রস্তাবে তারা ইতিবাচক সাড়া দিয়েছে বলে জানান তিনি। রোহিঙ্গা সংকট মোকাবিলায় ১৩ মার্চ জেনেভায় অনুষ্ঠিত জয়েন্ট রেসপন্স প্ল্যান জেআরপি সভায় কেমন সাড়া মিলছে জানতে চাইলে পররাষ্ট্রমন্ত্রী বলেন, সুইজারল্যান্ডে জেআরপি সভায় আমাদের পররাষ্ট্র সচিব এবং প্রধানমন্ত্রীর মুখ্য সচিব যোগ দিয়েছেন এবং আমাদের প্রস্তাবিত অর্থ ও সহযোগিতায় গত বছরের তুলনায় ভালো সাড়া মিলছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ:০৩.০৪.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### খুলনার রূপসায় বেসরকারি মালিকানাধীন একটি পাটকলে আগুন লাগার ঘটনা ঘটেছে

খুলনার রূপসায় বেসরকারি মালিকানাধীন সালাম জুটমিল নামে একটি পাটকলে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিস-এর ১৪টি ইউনিট ও নৌ-বাহিনীর দুটি ইউনিট কাজ করছে। বুধবার বিকেল সাড়ে পাঁচটার দিকে উপজেলায় অবস্থিত পাটকলটিতে আগুনের সূত্রপাত ঘটে। তবে আগুন লাগার কারণ ও হতাহতের কোনো খবর এখনো পাওয়া যায়নি। খুলনা ফায়ার সার্ভিসের কন্ট্রোল রুমের দায়িত্বে থাকা মোঃ আব্দুল কাদের বলেন, বিকেল পাঁচটা ৩৮ মিনিটে আগুন লাগার সংবাদ পেয়ে একে একে ফায়ার সার্ভিসের আটটি ইউনিট ঘটনাস্থলে যায়। পরে আরো আটটি ইউনিট যুক্ত হয়। (রেডিও টুডেঃ ২১৪৫ ঘ. ০৩.০৪.২০২৪ রুবাইয়া)

### ভারতের আসন্ন নির্বাচনের পর প্রধানমন্ত্রী দেশটিতে সফর করবেন : পররাষ্ট্রমন্ত্রী

ভারতের আসন্ন নির্বাচনের পরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশটিতে সফর করবেন। বুধবার বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের ব্রিফিংকালে এ কথা জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ডক্টর হাছান মাহমুদ। এছাড়া পররাষ্ট্রমন্ত্রী বলেন, ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রী ৭ ও ৮ ই এপ্রিল ঢাকা সফরে আসবেন। ওই সফরের সময় কারিগরি সহায়তা চেয়ে চুক্তি সই হবে এছাড়া ক্রিড়া খাতে সহযোগিতা, কৃষি খাতে সমঝোতা স্মারক এবং প্রতিরক্ষা খাতে সহযোগিতার বিষয়ে সমঝোতা স্মারক সই হবে। (রেডিও টুডেঃ ২১৪৫ ঘ. ০৩.০৪.২০২৪ রুবাইয়া)

### শেখ হাসিনার আমলে একজন মানুষও না খেয়ে মারা যায়নি : ওবায়দুল কাদের

মানুষ মারার আসামি, আগুন সন্ত্রাসীরা জেলে গেলে বিএনপি তাদের জন্য মায়া কান্না করে। আগুন সন্ত্রাসীদের জন্য বিএনপির এই মায়া কান্না কেন জানতে চেয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। বুধবার রাজধানীর ধানমন্ডিতে ইফতার সামগ্রী বিতরণের এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এই প্রশ্ন রাখেন। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, শহরে এত ভিক্ষুক কেন যারা এমন প্রশ্ন করে তারা একজন গরিব মানুষকেও সাহায্য করেনি। তারা ইফতার পার্টি করেছে বড় বড় হোটেলে। আমরা বিপদে মানুষের পাশে দাঁড়াই এটাই আওয়ামী লীগের ঐতিহ্য। দেশে কেউ না খেয়ে মারা গেছে শেখ হাসিনার আমলে এমন নজির নেই। বিএনপি'র উদ্ভট কথায় আওয়ামী লীগ কান দেবে না বলেও মন্তব্য করেন ওবায়দুল কাদের।
(রেডিও টুডেঃ১৩৪৫ ঘ. ০৩.০৪.২৪ আসাদ)

### দেশ এখন উত্তর কোরিয়া মডেলের দিকে যাচ্ছে : মঈন খান

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান বলেছেন বিএনপি জনগণের জন্য রাস্তায় আছে। মানুষের অধিকার বাস্তবায়নে আন্দোলন চলবে। বুধবার সকালে সদ্য কারামুক্ত সাবেক যুবদল নেতা এস এম জাহাঙ্গীর এর উত্তরায় বাসায় গিয়ে তিনি এ কথা বলেন। এ সময় মঈন খান আরো বলেন দেশে এক দলীয় শাসন চলছে। দেশ এখন উত্তর কোরিয়ার পথে। বিএনপি হতাশ নয় উল্লেখ করে বিএনপি'র এই নেতা বলেন গণতান্ত্রিক প্রক্রিয়ায় সরকারকে ঘটানো হবে। নৌকা ডুবে যাওয়ার ভয়ে উপজেলা নির্বাচনে দলীয় প্রার্থী দিচ্ছে না আওয়ামীলীগ।
(রেডিও টুডেঃ১৩৪৫ ঘ. ০৩.০৪.২৪ আসাদ)

### বান্দরবানের রুমায় সোনালী ব্যাংক থেকে টাকা লুট করে নিয়ে গেছে সন্ত্রাসীরা

বান্দরবানের রুমায় উপজেলা প্রশাসন কমপ্লেক্স ভবনে হামলা চালিয়ে সোনালী ব্যাংক থেকে অস্ত্র ও টাকা লুট করে নিয়ে গেছে একটি সশস্ত্র সন্ত্রাসী দল। মঙ্গলবার রাত আটটার দিকে এই ঘটনা ঘটে। রুমা উপজেলার ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা দিদারুল আলম গণমাধ্যমকে এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন রাত আটটার দিকে দুর্বৃত্তরা উপজেলা প্রশাসন কমপ্লেক্স মসজিদে ঢুকে দরজা বন্ধ করে দেয়। তখন নামাজের জন্য অনেক কর্মকর্তা সেখানে ছিলেন। তাদের সবাইকে বন্দি করে সন্ত্রাসীরা প্রচণ্ড মারধর করে। তারা অস্ত্রের মুখে ব্যাংক ম্যানেজারকে জিম্মি করে ব্যাংকে নিয়ে যায় এবং লকার খুলিয়ে ব্যাংক লুট করে। এখন পর্যন্ত ব্যাংক ম্যানেজারকে উদ্ধার করা যায়নি বলে জানা গেছে। এই ঘটনার সাথে কুকি চীন ন্যাশনাল ফ্রন্ট কে এন এফ জড়িত থাকতে পারে বলে আশঙ্কা করেন দিদারুল আলম।
(রেডিও টুডেঃ১৩৪৫ ঘ. ০৩.০৪.২৪ আসাদ)

## চলমান তাপ প্রবাহ আরো তিন দিন থাকতে পারে : আবহাওয়া অফিস

রাজধানীর ঢাকা, রাজশাহী ও খুলনা বিভাগের উপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে আরও অন্তত তিন দিন এই তা প্রবাহ অব্যাহত থাকতে পারে। আবহাওয়াবিদ আব্দুর রহমান গণমাধ্যমকে জানিয়েছেন আগামী ২৪ ঘণ্টায় সিলেট ময়মনসিংহের কিছু অংশে বৃষ্টি ভদ্র সব বৃষ্টি অথবা শিলা বৃষ্টি হতে পারে। তবে দেশের অন্য কোন অঞ্চলে বৃষ্টি হওয়ার সম্ভাবনা নেই। যে-সব অঞ্চলের তাপপ্রবাহ বয়ে চলছে সেসব এলাকায় দিনের তাপমাত্রা বাড়তে পারে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৩.০৪.২৪ আসাদ)

## সাভারে লরি উল্টে অগ্নিকাণ্ডের ঘটনায় আরও দুজনের মৃত্যু

সাভারের হেমায়েতপুরে একটি তেলবাহী লড়ি উল্টে আগুনের ঘটনায় দগ্ধ আরো দুজনের মৃত্যু হয়েছে। এই ঘটনায় মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়ালো চারজনে। মঙ্গলবার দিবাগত রাত সাড়ে নয়টার দিকে শেখ হাসিনার জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে আইসিইউতে মারা যান হেলাল নামের এক ট্রাক চালক। তার শরীরের শতভাগ দগ্ধ ছিল। এরপর রাত একটার দিকে মারা যান ওই ট্রাকের হেলপার সাকিব। তারও শরীরের প্রায় শতভাগ দগ্ধ ছিল। শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আবাসিক সার্জন ডা. মো. তরিকুল ইসলাম গণমাধ্যমকে এই তথ্য নিশ্চিত করেছেন। ঢাকা-আরিচা মহাসড়কের হেমায়েতপুরের জোড়পুল এলাকায় মঙ্গলবার ভোর পৌনে ছয়টার দিকে এই দুর্ঘটনা ঘটে। এতে ঘটনাস্থলে ইকবাল নামের এক ট্রাক হেল্পার মারা যান।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ০৩.০৪.২৪ আসাদ)

## বাংলাদেশের দক্ষিণাঞ্চলের উন্নয়নে চীনের সহযোগিতা চেয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বাংলাদেশের দক্ষিণাঞ্চলের উন্নয়নে চীনের সহযোগিতা চেয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন আজ বুধবার প্রধানমন্ত্রীর সঙ্গে তার সরকারি বাসভবন গণভবনে সাক্ষাৎ করতে এলে তিনি এই সহযোগিতা চান। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার মো. নজরুল ইসলাম সাংবাদিকদের ব্রিফ করেন। তিনি জানান শেখ হাসিনা চীনের রাষ্ট্রদূতকে বলেছেন দেশের দক্ষিণাঞ্চল এতদিন অবহেলিত ছিল কারণ আওয়ামী লীগ ছাড়া কোন সরকারই এই এলাকার উন্নয়নে কোন কার্যকর পদক্ষেপ গ্রহণ নেয়নি। এ সময় চীনের রাষ্ট্রদূত বাংলাদেশের দক্ষিণাঞ্চলের উন্নয়নে সুনির্দিষ্ট প্রস্তাব দেয়ার জন্য প্রধানমন্ত্রীকে অনুরোধ করেন। ইয়াও ওয়েন শেখ হাসিনাকে আগামী জুলাই মাসে চীন সফরের আমন্ত্রণ জানালে প্রধানমন্ত্রী  আমন্ত্রণ গ্রহণ করেন। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৩.০৪.২০২৪  আসাদ)

## ১২ কেজি সিলিন্ডার গ্যাসের দাম কমলো ৪০ টাকা

ভোক্তা পর্যায়ে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস এলপিজির ১২ কেজি সিলিন্ডারের দাম ৪০ টাকা কমানো হয়েছে। এখন থেকে ১২ কেজি সিলিন্ডার কিনতে ব্যয় হবে ১ হাজার ৪৪২ টাকা। এতদিন এর জন্য দিতে হতো ১হাজার ৪৮২ টাকা। আজ বুধবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে নিয়ন্ত্রণ সংস্থা বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন বিআরসি জানিয়েছে বুধবার সন্ধ্যা ছয়টা থেকে এই দাম কার্যকর হয়েছে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৩.০৪.২০২৪  আসাদ)

## ৪৪ তম বিসিএসের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করেছে পিএসসি

৪৪ তম বিসিএস এর লিখিত পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এতে উত্তীর্ণ হয়েছেন ১১ হাজার ৭৩২ জন প্রার্থী। বুধবার বিকাল সোয়া তিনটার দিকে সরকারি কর্মকমিশন পিএসসির ওয়েবসাইটে এই ফল প্রকাশ করা হয়। উত্তীর্ণদের ভাইভা শুরু হবে আগামী ৮ ই মে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৩.০৪.২০২৪  আসাদ)

## বুয়েটের ছাত্র রাজনীতি কেমন হবে তার সিদ্ধান্ত শিক্ষার্থীরাই নেবেন : ছাত্রদল সভাপতি

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় বুয়েটের ছাত্র রাজনীতি কেমন হবে তার সিদ্ধান্ত শিক্ষার্থীরাই নেবেন বলে জানিয়েছেন ছাত্রদল সভাপতি রাকিবুল ইসলাম রাকিব। বুধবার দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাগর রুনি মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ছাত্রদল বুয়েট শিক্ষার্থীদের আন্দোলনের সাথে সংহতি প্রকাশ করে। সংবাদ সম্মেলনে ছাত্রদলের সভাপতি বুয়েট শিক্ষার্থীদের আপাতদৃষ্টিতে ছাত্র রাজনীতির বিরুদ্ধে যে অবস্থান তার একক দায়ভার ছাত্রলীগের। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৩.০৪.২০২৪  আসাদ)

## এবার বান্দরবানের থানচিতে দুটি ব্যাংকে ডাকাতের ঘটনা ঘটেছে

বান্দরবানের রুমার পর এবার থানচি উপজেলা শহরের সোনালী ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখায় ডাকাতি হয়েছে। আজ বুধবার বেলা একটার দিকে এই ডাকাতির ঘটনা ঘটে। তবে সিআইডি বলছে রোমার সোনালী ব্যাংকের ভল্টের সব টাকা অক্ষত আছে। এর আগে গতকাল মঙ্গলবার রাত নটার দিকে বান্দরবানের রুমায় নতুন সশস্ত্র গোষ্ঠী কুকী চীন ন্যাশনাল ফ্রন্ট বা কে এন এফ সোনালী ব্যাংকে হামলা চালিয়ে টাকা ও  ১৪টি অস্ত্র লুট করেছে বলে খবর পাওয়া গেছে। এসব ঘটনার পর থেকে নিরাপত্তার কারণে বান্দরবানের সব ব্যাংকে লেনদেন স্থগিত করা হয়েছে। বুধবার দুপুরে ব্যাংকগুলোর লেনদেন স্থগিত করা হয়। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৩.০৪.২০২৪  আসাদ)

### বান্দরবানে ব্যাংক লুটের ঘটনায় যা করণীয় সবই করছে সরকার : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, বান্দরবানের রুমা ও থানচিতে ব্যাংক লুটের ঘটনায় যা করণীয় সবই করছে সরকার। বুধবার সচিবালায়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন কেএনএফ নামের জঙ্গিগোষ্ঠী এই ঘটনার সঙ্গে জড়িত বলে জানা গেছে। তিনি আরো বলেন পুলিশ মহাপরিদর্শকের নেতৃত্বে একটি টিম সেখানে রয়েছে। ব্যাংক লুট করে চলে যাওয়ার পর পুলিশ ও বিজিবি সেখানে অপারেশন চালাচ্ছে। সেনাবাহিনীর সদস্যরা সেখানে যোগ দেবে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ০৩.০৪.২০২৪ আসাদ)

## জাগো এফএম

### বন দখল করে স্থাপিত রিসোর্টের বিরুদ্ধে অভিযান চালানো হবে : পরিবেশমন্ত্রী

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী সাবের হোসেন চৌধুরী বলেছেন, 'গাজীপুরে বন দখল করে অবৈধভাবে স্থাপিত রিসোর্টসহ অন্যান্য স্থাপনার বিরুদ্ধে শিগগিরই অভিযান পরিচালনা করা হবে। অবৈধ বনভূমি দখলের ম্যাপিং করা হচ্ছে। বনের জমি দখলকারী সরকারি প্রতিষ্ঠান, বেসরকারি ব্যক্তি ও সংস্থা যেই হোক না কেন, অ্যাকশন হবে তাৎক্ষণিক। এ বিষয়ে কোনো আপস হবে না।' তিনি বলেন, '২৬ হাজার একর বনভূমি পুনরুদ্ধার করা হয়েছে। ঢাকার আশপাশের জেলাগুলোয় জরুরিভাবে ব্যবস্থা নেওয়া হবে। বুধবার, ৩রা এপ্রিল গাজীপুর জেলার বনভূমি রক্ষা ও পরিবেশ দূষণ নিয়ন্ত্রণে করণীয় বিষয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতির বক্তব্যে পরিবেশমন্ত্রী এসব বলেন। পরিবেশমন্ত্রী বলেন, 'অতিমাত্রায় দূষণের কারণে গাজীপুরের কিছু এলাকায় শাকসবজি পর্যন্ত জন্মাতে পারছে না, মাছ বেঁচে থাকতে পারছে না। এখানকার চ্যানেলগুলো পরিষ্কার, একবারে সব সমস্যা সমাধান হবে না। জবাবদিহি নিশ্চিত করতে পারলে ভবিষ্যতে আর কেউ বনের জায়গা দখল বা পরিবেশের ক্ষতি করতে পারবে না।' সাবের হোসেন চৌধুরী বলেন, 'বর্জ্যব্যবস্থাপনা উন্নয়নের জন্য ডাম্পিং স্টেশন নির্ধারণ করা হবে। পরিবেশের সার্বিক উন্নয়নের মাধ্যমে গাজীপুরকে মডেল সিটি হিসেবে গড়ে তোলা হবে। স্বচ্ছতার সঙ্গে এবং সমন্বয় করে কাজ করলে পরিবেশের উন্নয়ন হবেই।' সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, প্রশাসন ইকবাল আব্দুল্লাহ হারুন, অতিরিক্ত সচিব, পরিবেশ ড. ফাহমিদা খানম, পরিবেশ অধিদফতরের মহাপরিচালক ড. আবদুল হামিদ, ঢাকা বিভাগের বিভাগীয় কমিশনার সাবিরুল ইসলাম, প্রধান বন সংরক্ষক মোঃ আমীর হোসাইন চৌধুরী, গাজীপুর সিটি কর্পোরেশনের উপদেষ্টা ও সাবেক মেয়র মোহাম্মদ জাহাঙ্গীর আলম, গাজীপুরের জেলা প্রশাসক আবুল ফাতে মোহাম্মদ সফিকুল ইসলাম, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষের সচিব, গাজীপুরের মেট্রোপলিটন পুলিশ ও জেলা পুলিশের প্রতিনিধিসহ পরিবেশ ও বন বিভাগের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ প্রতীক)

### নাগরিক ভূমি অধিকার বিষয়ে জনসচেতনতা তৈরি করতে হবে : ভূমিমন্ত্রী

নাগরিক ভূমি অধিকার বিষয়ে জনসচেতনতা তৈরি করতে হবে, এমন মন্তব্য করে ভূমিমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ বলেছেন, 'নাগরিক ভূমি অধিকার বিষয়ে জনসচেতনতা তৈরিতে সাংবাদিকদের কাজ করে যেতে হবে। বুধবার, ৩রা এপ্রিল ঢাকা রিপোর্টার্স ইউনিটি, ডিআরইউ-এর নসরুল হামিদ মিলনায়তনে `ভূমি সেবার সহজিকরণ ও হয়রানি রোধে গণমাধ্যমের ভূমিকা, শীর্ষক একমত বিনিময় সভায় ভূমিমন্ত্রী এ কথা বলেন। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা-৬ আসনের সংসদ সদস্য রশিদুজ্জামান এবং সুপারেক্স লেদার লিমিটেডের পরিচালক আব্দুল করিম ভূঁইয়া। খুলনা জেলা সাংবাদিক ফোরামের সভাপতি ফসিহ উদ্দীন মাহতাবের সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন বিএফইউজে-এর মহাসচিব দীপ আজাদ, ডিআরইউ সভাপতি শুকুর আলী, সাবেক সভাপতি মুরসালিন নোমানী-সহ খুলনা জেলা সাংবাদিক ফোরামের সদস্য এবং গণমাধ্যমের সদস্যরা। সংবাদ মাধ্যমকে রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ উল্লেখ করে ভূমিমন্ত্রী উপস্থিত সাংবাদিকদের ভূমি বিষয়ে জনসচেতনতামূলক প্রচারণা এবং অ্যাডভোকেসি দ্বারা গণমাধ্যমের মাধ্যমে নাগরিকদের সচেতনতা বৃদ্ধিতে কাজ করে যাওয়ার আহ্বান জানান। ভূমিমন্ত্রী এ সময় আরো বলেন, 'উন্নয়ন যোগাযোগ ও সংবাদ যেমন নাগরিক সচেতনতা বৃদ্ধি করে, সেই সঙ্গে বৈদেশিক বিনিয়োগে ইতিবাচক ভূমিকা পালন করে সামগ্রিকভাবে দেশের আর্থ-সামাজিক উন্নয়নেও ভূমিকা রাখে।' মন্ত্রী এ সময় অনুসন্ধানী সাংবাদিকতার মাধ্যমে গঠনমূলক সমালোচনা করে বিভিন্ন অনিয়ম তুলে ধরে সমাজে ইতিবাচক ভূমিকা পালন করার ব্যাপারে স্বাধীন ও দায়িত্বশীল গণমাধ্যমের ভূমিকার ব্যাপারে আলোকপাত করেন।তিনি আরো বলেন, 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলাদেশ গড়ার জন্য প্রধানমন্ত্রীর পরিকল্পিত স্মার্ট বাংলাদেশ উদ্যোগের গুরুত্বপূর্ণ অংশ স্মার্ট ভূমি ব্যবস্থাপনা।' মন্ত্রী বলেন, 'স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে স্বাধীন গণমাধ্যম গুরুত্বপূর্ণ। শেখ হাসিনার নেতৃত্বাধীন বর্তমান সরকার দেশে গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করেছে।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ প্রতীক)

## ভোটে না আসার ব্যথা বিএনপি নেতারা বুঝতে পারছেন : পররাষ্ট্রমন্ত্রী

নির্বাচন বর্জন করে বিএনপি নেতারাই দিশেহারা হয়ে আবোল-তাবোল কথা বলা শুরু করেছে বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ। তিনি বলেন, 'ভোটে না আসার যে কি ব্যথা সেটি বিএনপি নেতারা বুঝতে পারছেন।' বুধবার, ৩রা এপ্রিল বিকেলে রাজধানীর সেগুনবাগিচায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে মত বিনিময়কালে সাংবাদিকরা বিএনপি নেতা ড. মঈন খানের মন্তব্য `বিএনপি নির্বাচনে না আসায় আওয়ামী লীগ দিশেহারা,-এ নিয়ে প্রশ্ন করলে মন্ত্রী এ কথা বলেন। এবার উপজেলা নির্বাচন দলীয় প্রতীকবিহীন করার সিদ্ধান্ত নিয়ে প্রশ্নে হাছান মাহমুদ বলেন, 'এবারে নির্বাচন দলীয় প্রতীকবিহীন ও উন্মুক্ত প্রার্থীতায় হবে। এটি নতুন নয়। দলীয় প্রতীকবিহীন উপজেলা নির্বাচন এবারেই প্রথম নয়। আগে উপজেলা নির্বাচনগুলো দলীয় প্রতীকবিহীনই হতো, শুধু গতবারই দলীয় প্রতীকে হয়েছে এবং নির্বাচনে অবশ্যই অযাচিত হস্তক্ষেপ সমীচীন নয়, মানুষ তাদের পছন্দ মতো ভোট দেবে, আমরা কাউকে দলীয় মনোনয়ন দিচ্ছি না।' সাংবাদিকরা এ সময় শ্রম আইন লঙ্ঘনের দায়ে দণ্ডিত নোবেল পুরস্কারপ্রাপ্ত ড. মুহাম্মদ ইউনূসের `দেশে আইনের শাসন নেই, মন্তব্য নিয়ে প্রশ্ন করলে পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'দেশে আইনের শাসন আছে বলেই তিনি দণ্ডপ্রাপ্ত হয়েও আদালতের দেওয়া জামিনে মুক্ত আছেন।'
(জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ প্রতীক)

## দক্ষিণাঞ্চলের উন্নয়নে চীনের সহযোগিতা চাইলেন প্রধানমন্ত্রী

বাংলাদেশের দক্ষিণাঞ্চলের উন্নয়নে চীনের সহযোগিতা চেয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বুধবার চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন প্রধানমন্ত্রীর সঙ্গে তার সরকারি বাসভবন গণভবনে সাক্ষাৎ করতে এলে তিনি এ সহযোগিতা চান। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার মোঃ নজরুল ইসলাম সাংবাদিকদের ব্রিফিংয়ে শেখ হাসিনাকে উদ্ধৃত করে বলেন, 'পদ্মা সেতুর মাধ্যমে এরই মধ্যে দেশের দক্ষিণাঞ্চলের সঙ্গে সরাসরি সড়ক যোগাযোগ স্থাপিত হয়েছে। আমি চাই বাংলাদেশের দক্ষিণাঞ্চলের উন্নয়নে চীন সহায়তা করুক।' এ সময় চীনের রাষ্ট্রদূত বাংলাদেশের দক্ষিণাঞ্চলের উন্নয়নে সুনির্দিষ্ট প্রস্তাব দেওয়ার জন্য প্রধানমন্ত্রীকে অনুরোধ জানান। ইয়াও ওয়েন শেখ হাসিনাকে আগামী জুলাই মাসে চীন সফরের আমন্ত্রণ জানালে প্রধানমন্ত্রী আমন্ত্রণ গ্রহণ করেন। চীন বাংলাদেশের বিশাল উন্নয়ন সহযোগী উল্লেখ করে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন, দুই দেশের মধ্যে যে সহযোগিতা চলছে তা আগামীতে আরো জোরদার হবে। তিনি বলেন, 'পায়রায় একটি গভীর সমুদ্রবন্দর হবে এবং চীন সে সুযোগকে কাজে লাগাতে পারে।' শেখ হাসিনা বাংলাদেশের দক্ষিণাঞ্চলকে দেশের সবচেয়ে ঝুঁকিপূর্ণ এলাকা হিসেবে উল্লেখ করেন। এই প্রসঙ্গে তিনি বলেন, 'এই এলাকায় কয়েকটি বড় নদী রয়েছে এবং জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাবও অনেক বেশি। আমরা এখন এই এলাকার উন্নয়নকে অগ্রাধিকার দিচ্ছি। রাষ্ট্রদূত বলেন, 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত কাজগুলো বাস্তবায়নে চীন বাংলাদেশকে সহায়তা করবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ প্রতীক)

## বান্দরবানে ব্যাংকে হামলা-লুটের ঘটনায় যা যা করার করব : স্বরাষ্ট্রমন্ত্রী

বান্দরবানের রুমা ও থানচিতে ব্যাংকে হামলা ও লুটের ঘটনায় যা যা করার সবই করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। বুধবার, ৩রা এপ্রিল সচিবালয়ে নিজ দফতরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা জানান মন্ত্রী। তিনি বলেন, `গতকাল, মঙ্গলবার হঠাৎ করে শুনলাম পাহাড়ে ব্যাংক ডাকাতির একটা প্রচেষ্টা হয়েছে। আমাদের কাছে যা তথ্য আসছে কুকি চিন যে গ্রুপটি রয়েছে, যারা আগেও বান্দরবানে একটি জায়গায় অবস্থান করে জঙ্গি বাহিনীর সঙ্গে আঁতাত করে একটা ট্রেনিংয়ের ব্যবস্থা করেছিল। আমাদের র‍্যাব ও আর্মি সেই ঘাঁটি সরিয়ে দিয়েছে। ইদানীং কুকি চিন আবার বিভিন্নভাবে তাদের অবস্থান জানান দিচ্ছে।, স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, `রুমার যে ঘটনাটি আমরা এ পর্যন্ত শুনেছি, আমাদের আইজিপি ও ঊর্ধ্বতন কর্মকর্তারা সেখানে অবস্থান করছেন। রুমাতে সোনালী ব্যাংকে ঢোকার আগে বৈদ্যুতিক যে সাব-স্টেশন ছিল সেটাকে বন্ধ করে তারা ব্যাংকের দিকে অগ্রসর হন। সেখানে পুলিশ মোতায়েন ছিল। পুলিশ ও ব্যাংকের ম্যানেজার সবাই তারাবি নামাজে ছিলেন। সেই সময় তারা ঢুকে দুই পুলিশ সদস্যকে আহত করে দুটি এসএমজিও আটটি চাইনিজ রাইফেল লুট করে। উপজেলা কমপ্লেক্সে আনসারদের শটগান গুলোও নিয়ে নেয় তারা।, সোনালী ব্যাংকের একটা ভল্ট ভাঙে, আরেকটা মনে হয় ভাঙতে পারেনি। অফিসিয়াল নিউজ এখনো পাইনি। আমরা যতটুকু শুনেছি, তাই বলছি। সোনালী ব্যাংকের ম্যানেজারকে জিম্মি করে নিয়ে গেছে। কত টাকা নিয়েছে, সেটা এখনো অফিসিয়ালি আসেনি।, আসাদুজ্জামান খান আরো বলেন, `আজ দিনের বেলায় আমরা দেখলাম, থানচিতে কৃষি ও সোনালী ব্যাংকে আক্রমণ করেছে। এ অপারেশনটা এখনো চলছে। আমাদের পুলিশ সেখানে গোলাগুলি করছে। সেখান থেকে কত টাকা নিয়েছেন বা ক্ষয়ক্ষতি কী পরিমাণ তা এখন জানাতে পারেনি।, তিনি বলেন, `এ বিষয়ে আমাদের যা যা করার, আমরা করবো। এখানে যারা জড়িত বা করেছে আমরা সবগুলোর ব্যবস্থা নেবো।, সেখানে সরকারের যথেষ্ট পরিমাণ ফোর্স রয়েছে জানিয়ে তিনি বলেন, `এখন পর্যন্ত সেখানে পুলিশ ও বিজিবি রয়েছে। প্রয়োজনে সেখানে সেনাবাহিনীও যাবে।, এ বিষয়টি আমাদের কাছে একেবারে নতুন। থানচি একটি শান্তিপূর্ণ এলাকা। এটা পর্যটকদের জন্য ভ্রমণের মূল জায়গা। রুমাও শান্তিপূর্ণ জায়গা ছিল, সেখানে বেশকিছু দিন ধরে

শান্তি বিরাজ করছিল। সেই জায়গা তারা কেনো বেছে নিল সেই সবকিছু দেখার বিষয় রয়েছে। এগুলো দেখে আমরা প্রয়োজনীয় ব্যবস্থা নেবো, ইনশাআল্লাহ।' ভারতীর সীমান্তে বাংলাদেশি হত্যার বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, `সীমান্ত হত্যা নিয়ে দুইদেশের সঙ্গেই আলোচনা হচ্ছে। সীমান্তে ওই দেশে একটা চক্র রয়েছে, আমাদের দেশেও একটা চক্র রয়েছে। যারা নাকি অবৈধ ব্যবসা করে। এদেশের পণ্য ওই দেশে নিয়ে যায়, ওই দেশের পণ্য এদেশে নিয়ে আসে। সীমান্ত পাড়ে যারা থাকেন তারা দুর্ধর্ষ, তাদের দুর্ধর্ষই বলবো, তারা কোনো নিয়মকানুন মানেন না। কখনো ওই দেশে ঢুকে যায়, আবার কখনো এ দেশে চলে আসে। তখন সীমান্তরক্ষীদের সঙ্গে ঘটনা ঘটে যায়।, সীমান্তে শুধু তো বাংলাদেশের মানুষই হতাহত হচ্ছে, এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে মন্ত্রী বলেন, `এটা সঠিক নয়। বাংলাদেশের মানুষ ওই দেশে যখন ঢুকে যায়, তখন ক্যাজুয়ালিটি হয়। ওই দেশের মানুষ যখন আমাদের দেশে আসে, আমরা ফলো করি যাতে নিহত না হয়। ওই দেশের সঙ্গে আলোচনা চলছে যাতে নন-লেথাল অস্ত্রগুলো ব্যবহার করে, যাতে ক্যাজুয়ালিটি না হয়।, ছাত্রলীগের পক্ষ থেকে অভিযোগ করা হচ্ছে বুয়েটে জঙ্গিবাদের উত্থান হচ্ছে, এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে মন্ত্রী বলেন, `আমার কাছে এ বিষয়ে তথ্য নেই, তথ্য এতটুক বলছি- হাইকোর্ট যে নির্দেশনা দিচ্ছে, সেটাই সবাই মেনে চলবে। যেহেতু শিক্ষাপ্রতিষ্ঠানে রাজনীতি নিষিদ্ধ নয়, বুয়েটে নিষিদ্ধ হয়েছিল, সেটার ওপর একটা আদেশ হয়েছে।, (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ প্রতীক)

## প্রধানমন্ত্রীর দিল্লি সফর ভারতের নির্বাচনের পর : পররাষ্ট্রমন্ত্রী

ভারতের আসন্ন নির্বাচনের পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশটিতে সফরে যাবেন বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। বুধবার, ৩রা এপ্রিল বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি এ কথা বলেন। জুনের শেষ সপ্তাহে প্রধানমন্ত্রীর ভারত সফরের কথা রয়েছে, এ প্রসঙ্গে জানতে চাইলে তিনি বলেন, 'প্রধানমন্ত্রী অবশ্যই ভারত সফরে যাবেন। তবে ভারতের নির্বাচনের পরে। সেটা কখন হবে সেটি নিয়ে কোনো আলোচনা অফিসিয়াল লেভেলে হয়নি। আপনি যে সংবাদটি পত্রিকায় দেখেছেন, আমিও দেখেছি।' কাতারের আমিরের বাংলাদেশ সফর প্রসঙ্গে জানতে চাইলে তিনি বলেন, 'এটি এখনো বলার সময় আসেনি। আমরা সেটি নিয়ে ব্রিফ করবো।'
(জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ প্রতীক)

## বাংলাদেশ থেকে পর্তুগালে দক্ষ জনগোষ্ঠী নেওয়ার আহ্বান পররাষ্ট্রমন্ত্রীর

বাংলাদেশ থেকে পর্তুগালে দক্ষ জনগোষ্ঠী নেওয়ার আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। বুধবার, ৩রা এপ্রিল বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি এ তথ্য জানান। পররাষ্ট্রমন্ত্রী বলেন, `আজ তিনটা বৈঠক হয়েছে। পর্তুগালের রাষ্ট্রদূত আমার সঙ্গে দেখা করেছেন, এরপর বাহরাইনের রাষ্ট্রদূত। সবশেষে নিউজিল্যান্ডের রাষ্ট্রদূত দেখা করেন। তারা সবাই নন রেসিডেন্ট অ্যাম্বাসেডর। তারা সবাই দিল্লিতে রেসিডেন্ট, কিন্তু বাংলাদেশ কাভার করেন। তাদের সবার সঙ্গেই অত্যন্ত ফলপ্রসূ নানান বিষয়ে আলোচনা হয়েছে। বিশেষ করে তাদের সবাইকে বাংলাদেশে বিনিয়োগের অনুরোধ জানিয়েছি। আমাদের আইটি সেক্টর, ইকোনমিক জোনগুলোতে বিনিয়োগের জন্য অনুরোধ জানিয়েছি।, তিনি বলেন, `পর্তুগালে ২০ হাজারের বেশি বাংলাদেশি বসবাস করেন। তারমধ্যে অর্ধেকের বেশি ওই দেশের নাগরিকত্ব পেয়েছেন। পর্তুগালে যাতে আমাদের দক্ষ জনগোষ্ঠী নিয়ে যায়, দক্ষকর্মীদের নিয়ে যায়, বিশেষ করে অ্যাগ্রিকালচার ও আইটি সেক্টরে কর্মীদের যেন নিয়ে যায় সে ব্যাপারে আলোচনা করেছি। এ বিষয়ে আমরা যাতে একটি চুক্তি করতে পারি সে ব্যাপারেও আলোচনা করেছি। আমাদের দেশ থেকে অ্যাগ্রিকালচারে গ্রাজুয়েটেরা বাহরাইনে সবুজায়নে কাজ করছে। অ্যাগ্রিকালচারে গ্র্যাজুয়েট, নার্স নিয়ে যাওয়ার জন্য তাদের সঙ্গে আলোচনা করেছি। তারা গুরুত্বের সঙ্গে বিষয়টি শুনেছে এবং এ ব্যাপারে তাদের আগ্রহ আছে।, ড. হাছান মাহমুদ আরো বলেন, `আমরা রোহিঙ্গা নিয়ে আলোচনা করেছি। রোহিঙ্গা প্রত্যাবাসনের জন্য তাদের সহযোগিতা কামনা করেছি। কোনো একটি সমাধানে উপনীত হওয়ার আগে তাদের যে প্রচেষ্টা সেটি নিয়েও আমরা আলোচনা করেছি। যাতে করে আন্তর্জাতিক চাপ মিয়ানমারের ওপর বৃদ্ধি করা হয় সেজন্য তাদের সবার সঙ্গে আলোচনা করেছি। নিউজিল্যান্ডের সঙ্গে যাতে হাইলেভেল ভিজিট হয় সে বিষয়েও আমরা আলোচনা করেছি।, বাংলাদেশে পর্তুগালের দূতাবাস খোলার বিষয়ে এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, `এ বিষয়ে আলোচনা করেছি। পর্তুগালের রাষ্টদূত যেটি বলেছেন, তারা একটি কনসাল জেনারেলের অফিস খোলার চিন্তাভাবনা করছেন।, (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ প্রতীক)

## জাকাত বোর্ড শক্তিশালী করলে দারিদ্র্য বিমোচন ত্বরান্বিত হবে : ধর্মমন্ত্রী

জাকাত বোর্ড শক্তিশালী করা সম্ভব হলে দারিদ্র্য বিমোচন ত্বরান্বিত হবে বলে জানিয়েছেন ধর্ম বিষয়ক মন্ত্রী মোঃ ফরিদুল হক খান। বুধবার, ৩রা এপ্রিল ঢাকার আগারগাঁওয়ে ইসলামিক ফাউন্ডেশন সভাকক্ষে জাকাত বোর্ড আয়োজিত দারিদ্র্য বিমোচনে জাকাতের ভূমিকা বিষয়ক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা বলেন। তিনি বলেন, 'সরকার ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ গড়ার যে লক্ষ্য নির্ধারণ করেছে সে লক্ষ্য অর্জনে জাকাত বিশেষ ভূমিকা রাখতে পারবে।' জাকাত ইসলামের পাঁচটি স্তম্ভের অন্যতম স্তম্ভ জানিয়ে ধর্মমন্ত্রী বলেন, 'সামর্থ্যবান মুসলিম নরনারীর জন্য জাকাত ফরজ। এটি আর্থিক ইবাদত। ইসলামে নামাজকে যেমন গুরুত্ব দেওয়া হয়েছে, তেমনি

গুরুত্ব দেওয়া হয়েছে জাকাতকে।' ফরিদুল হক খান বলেন, 'জাকাত ইসলামি অর্থব্যবস্থার মূলভিত্তি। জাকাত আদায় করা হলে মানুষের ধন-সম্পদ থেকে গরিবের হক আদায় হয়। ফলে তা হালাল ও পবিত্র হয়। আবার জাকাতের মাধ্যমে শ্রেণিবৈষম্য দূর হয়, সমাজে দারিদ্র্যের হার কমে এবং সচ্ছল মানুষের সংখ্যা বৃদ্ধি পায়।' পবিত্র কুরআনের উদ্ধৃতি দিয়ে মন্ত্রী বলেন, 'পবিত্র কুরআনে জাকাত আদায় না করার পরিণাম সম্পর্কে হুঁশিয়ার করা হয়েছে। যারা জাকাত আদায় করবে না তাদের বেদনাদায়ক আজাবের সম্মুখীন হতে হবে। দিনব্যাপী এ সেমিনারে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক ও প্রকল্প পরিচালক, ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি ও ওলামায়ে কেরাম অংশ নেন। (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ প্রতীক)

**ঈদে নিরাপদে বাড়ি যেতে আমাদের চেষ্টার ত্রুটি নেই : রেলমন্ত্রী**

রেলমন্ত্রী মোঃ জিল্লুল হাকিম বলেছেন, 'ঈদে মানুষ যেন নিরাপদে গ্রামে যেতে পারে সেই উপলক্ষ্যে সার্বিক প্রস্তুতি নিয়েছি। বিশেষ ট্রেনের ব্যবস্থা রয়েছে, আমাদের চেষ্টার কোনো ত্রুটি নেই। সবাই তো অনলাইন টিকিট পাবে না। আমাদের সীমিত আসনের মধ্যে সবাইকে নিতে পারবো না। যারা টিকিট পায়নি, তারা যেন দাঁড়িয়ে যেতে পারে সেজন্য স্টেশনে সরাসরি ২৫% টিকেটের ব্যবস্থা রেখেছি।' বুধবার, ৩রা এপ্রিল রাজধানীর কমলাপুর রেলওয়ে স্টেশনে পরিদর্শন শেষে তিনি গণমাধ্যমকে এসব কথা বলেন। মন্ত্রী বলেন, 'আমাদের যাত্রীরা নির্বিঘ্নে যাতায়াত করছে। কালোবাজারি নেই। নিরাপত্তার জন্য সরকারের আইনশৃঙ্খলা বাহিনী সহযোগিতা করছে। যাত্রীদের সহযোগিতায় বাকিটা সম্পন্ন করবো।' ট্রেনে যাত্রী সক্ষমতা বাড়ানোর বিষয়ে মন্ত্রী বলেন, আমরা আজও ২০০ বগি আমদানির অনুমোদন পেয়েছি। আগামী এক বছরে ৭০০/৮০০ বগি এবং ইঞ্জিন আমদানি করবো। আশা করি আগামী কয়েক বছরের মধ্যে আমরা আরো বেশি যাত্রী ও মালামাল বহন করাতে পারবো।' সম্প্রতি চট্টগ্রামে রেলের কেনাকাটার দুর্নীতি নিয়ে মন্ত্রী বলেন, 'কোনো সংস্থা চায় না তাদের মধ্যে দুর্নীতি হোক, আমরাও চাই না রেলে দুর্নীতি থাকুক। আমাদের হয়ত কেনাকাটায় কিছু অনিয়ম থাকে, সেটি কিন্তু বড় বড় জায়গায়ও হচ্ছে। আমরা এসব বিষয়ে কঠোর নজর রাখবো।' শিডিউল বিপর্যয় ঠেকাতে পদক্ষেপ নিয়ে মন্ত্রী বলেন, 'বিভিন্ন পয়েন্টে আমাদের অতিরিক্ত লোকমোটিভ থাকে। যাতে ইমার্জেন্সি কোনো সমস্যা থাকলে তা যেন দ্রুত সমাধান করা যায়। সে ক্ষেত্রে কোনো ইঞ্জিনের সমস্যা হলে যতদ্রুত সম্ভব সমাধানের জন্য অতিরিক্ত লোকমোটিভ আমরা বিভিন্ন পয়েন্টে রাখবো।' এদিকে আজ থেকে অগ্রিম টিকিটের ঈদ যাত্রা শুরু হয়েছে। গত সপ্তাহজুড়ে অনলাইনের মাধ্যমে যে-সব যাত্রী ট্রেনের টিকিট কাটতে পেরেছেন তারাই কেবল আজ গন্তব্যের উদ্দেশ্যে যাত্রা করেছেন। এদিন সকাল থেকে বিভিন্ন গন্তব্যে শিডিউল অনুযায়ী ট্রেন চলাচল করছে। (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ প্রতীক)

**ঈদযাত্রায় বেশি ভাড়া আদায় ও লাইসেন্স ছাড়া গাড়ি চালালে ব্যবস্থা : ডিএমপি কমিশনার**

সড়ক, রেল এবং নৌ-মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ভাড়ার বেশি টাকা নিলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন ডিএমপি কমিশনার হাবিবুর রহমান। একই সঙ্গে লাইসেন্সবিহীন কেউ গাড়ি চালালে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথাও উল্লেখ করেন তিনি। এছাড়া কাউন্টার ছাড়া অন্য কোথাও টিকিট বিক্রি হলে বিক্রয়কারীদের আইনের আওতায় এনে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান তিনি। বুধবার, ৩রা এপ্রিল দুপুরে ডিএমপি সদর দফতরে পবিত্র ঈদুল ফিতর উদযাপন উপলক্ষ্যে ঢাকা মহানগরীর সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা, যাত্রী সাধারণের যাতায়াত নিরাপদ ও নির্বিঘ্ন রাখা এবং ঈদের জামাত সুষ্ঠুভাবে আদায় করার জন্য সমন্বয় সভায় তিনি এসব কথা বলেন। তিনি বলেন, 'পত্রিকার রিপোর্ট অনুযায়ী দেড় কোটি লোক প্রিয়জনের সঙ্গে ঈদ করতে ঢাকা ছাড়বে। সেটি যেন সুন্দর করতে পারি সেজন্য আমাদের আজকের এ সভা হয়। ঈদে নৌ-রেল-সড়ক সব কিছুতেই আমাদের নজর থাকবে। তবে সড়ক পথের প্রতি আমাদের বেশি গুরুত্ব দেওয়ার মতো বিষয়টি সভায় উপস্থিত বক্তাদের আলোচনায় উঠে এসেছে।' তিনি বলেন, 'ঢাকার সঙ্গে পার্শ্ববর্তী নারায়ণগঞ্জ, গাজীপুর জেলার সঙ্গে ঢাকা মেট্রোপলিটন পুলিশের সমন্বয় খুব দরকার। এজন্য আমি অনুরোধ করবো আমাদের ট্রাফিকের এবং ক্রাইমের ডিসিরা জেলার সীমান্তের যে ইউনিট আছে তাদের সঙ্গে যোগাযোগ করে যে ম্যানেজমেন্টগুলো আছে সেগুলো যেন ঠিকঠাকভাবে করা হয়।' ডিএমপি কমিশনার আরো বলেন, 'ঢাকা প্রবেশ ও বহিঃগমনের জন্য ১১টি পথ রয়েছে। পথগুলোতে যেন আলাদাভাবে সবাই সুন্দর ব্যবস্থাপনার জন্য ব্যবস্থা গ্রহণ করেন। মিটিং করেন, সিদ্ধান্ত নিয়ে সমন্বয় করেন। প্রয়োজনে হোয়াটসঅ্যাপ গ্রুপ চালু করেন। নিজেদের প্রোগ্রাম শেয়ার করেন।' রাস্তাঘাটের যে উন্নয়ন হয়েছে তাতে ঢাকা থেকে বেরিয়ে গন্তব্য পৌঁছাতে খুব কম সময় লাগবে জানিয়ে হাবিবুর রহমান বলেন, 'তবে ঢাকা থেকে বেড়োনোর কিছু জায়গায় সমস্যা আছে। এ কয়েকটি পয়েন্টে আমরা বেশি গুরুত্ব দিয়েছি। একই সঙ্গে সমস্যাগুলো নিরসনে কর্মকর্তাদের আমি অনুরোধ জানাচ্ছি।' তিনি বলেন, 'আমাদের আলোচনায় উঠে এসেছে ফিটনেসবিহীন গাড়ির একটি বিষয়। এখানে মালিক ও শ্রমিক সমিতির নেতারা আছেন। সবাই একমত হয়েছেন কোনো অবস্থাতেই ফিটনেটবিহীন গাড়ি রাস্তায় আসবে না। লাইসেন্সবিহীন কেউ ড্রাইভ না করতে পারে সেটা নিয়ে মালিক সমিতির কর্মকর্তারা কথা বলেছেন। আমি অনুরোধ করবো দুর্ঘটনাবিহীন ঈদ করতে এ বিষয়ে আমাদের কর্মকর্তারা যারা যেখানে আছেন তারা

ব্যবস্থা নেবেন। অতীতে তাকালে দেখি অধিক গতি, ধারণ ক্ষমতার অধিক যাত্রী বহন, ড্রাইভিং লাইসেন্স ও মূল ড্রাইভার না থাকার পর হেল্পার ও অপ্রাপ্তবয়স্ক দিয়ে গাড়ি চালানো হয়। এসব রোধের জন্য সবাইকে নির্দেশনা দেওয়া হয়েছে।' (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ প্রতীক)

## সিঙ্গাপুর-সুইজারল্যান্ড থেকে তিন কার্গো এলএনজি কিনবে সরকার

সিঙ্গাপুর ও সুইজারল্যান্ড থেকে তিন কার্গো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস, এলএনজি কেনার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এরমধ্যে সিঙ্গাপুরের ভিটল এশিয়া প্রাইভেট লিমিটেড থেকে এক কার্গো ও গানভর প্রাইভেট লিমিটেড থেকে এক কার্গো এলএনজি কেনা হবে। এছাড়া সুইজারল্যান্ডের টোটাল ইঞ্জিনিয়ারিং গ্যাস অ্যান্ড পাওয়ার থেকে কেনা হবে এক কার্গো এলএনজি। এতে মোট খরচ হবে এক হাজার ২৫৬ কোটি ৯২ লাখ ৮৪ হাজার ৭২৮ টাকা। এই এলএনজি আমদানির অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। বুধবার, ৩রা এপ্রিল অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর সভাপতিত্বে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠিত হয়। ওই সভায় এ অনুমোদন দেওয়া হয়। সভাশেষে সভার সিদ্ধান্ত জানান মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার সচিব মোঃ মাহমুদুল হোসাইন খান। তিনি জানান, `বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি আইন-২০২১-এর আওতায় স্পট মার্কেট থেকে এলএনজি আমদানির প্রত্যাশা অনুমোদন দেওয়া হয়েছে। জ্বালানি ও খনিজসম্পদ বিভাগের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে সিঙ্গাপুরের গানভর প্রাইভেট লিমিটেড থেকে এক কার্গো এলএনজি আমদানির অনুমোদন দেওয়া হয়েছে। প্রতি এমএমবিটিইউ ৯ দশমিক ৪৯৬৫ মার্কিন ডলার হিসাবে মোট ৩৩ লাখ ৬০ হাজার এমএমবিটিইউ এলএনজি আমদানি করা হবে। এতে বাংলাদেশি মুদ্রায় মোট ব্যয় ৪১০ কোটি ৬৫ লাখ ৯০ হাজার ৪৮৮ টাকা ব্যয় হবে। জ্বালানি ও খনিজসম্পদ বিভাগের আরেক প্রস্তাবের পরিপ্রেক্ষিতে সিঙ্গাপুরের ভিটল এশিয়া প্রাইভেট লিমিটেড থেকে এক কার্গো এলএনজি আমদানির অনুমোদন দেওয়া হয়েছে। প্রতি এমএমবিটিইউ ৯ দশমিক ৬৮০০ মার্কিন ডলার হিসাবে ৩৩ লাখ ৬০ হাজার এমএমবিটিইউ এলএনজি আমদানি করা হবে। এতে বাংলাদেশি মুদ্রায় মোট ব্যয় হবে ৪১৮ কোটি ৫৯ লাখ ৪১ হাজার ৭৬০ টাকা। এছাড়া সুইজারল্যান্ডের টোটাল ইঞ্জিনিয়ারিং গ্যাস অ্যান্ড পাওয়ার লিমিটেড থেকে এক কার্গো এলএনজি ৪২৭ কোটি ৬৭ লাখ ৫২ হাজার ৪৮০ টাকা ব্যয়ে আমদানির অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এক্ষেত্রে প্রতি এমএমবিটিইউর মূল্য পড়বে ৯ দশমিক ৮৯ মার্কিন ডলার।'

(জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ প্রতীক)

## ৩ ঘণ্টায়ও নিয়ন্ত্রণে আসেনি খুলনার জুটমিলের আগুন, শত কোটি টাকা ক্ষতির দাবি

খুলনার রূপসা উপজেলার সালাম জুটমিলের পাটগুদামের আগুন ভয়াবহ আকার ধারণ করেছে। আগুন নিয়ন্ত্রণে কাজ করছে ফায়ার সার্ভিসের ১১টি ইউনিট। ফায়ার সার্ভিসের সহকারী পরিচালক ফারুক হোসেন সিকদার বিষয়টি নিশ্চিত করেন। এর আগে বুধবার, ৩রা এপ্রিল বিকেল সোয়া ৫টার দিকে জাবুসা চৌরাস্তা মোড় এলাকায় অবস্থিত সালাম জুটমিলের ৩ নম্বর গুদামে অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়। আগুনে প্রায় শত কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে দাবি করেছে মিল কর্তৃপক্ষ। এলাকাবাসী জানান, বিকেলে সালাম জুট মিলের ৩ নম্বর গুদামে আগুন লাগে। মুহূর্তের মধ্যে আগুনের লেলিহান শিখা পাশের দুটি গুদামে ছড়িয়ে পড়ে। এসময় গুদামে কর্মরত শ্রমিকরা আত্মরক্ষার্থে গুদাম থেকে বের হয়ে আসেন। প্রতিষ্ঠানের ম্যানেজার বশির আহম্মেদ জানান, '৩ নম্বর গুদামে অবস্থিত একটি মেশিনে যান্ত্রিক ত্রুটির কারণে শর্টসার্কিট থেকে অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়। অল্প সময়ের মধ্যে ১ ও ২ নম্বর গুদামেও আগুন ছড়িয়ে পড়ে।' জুট মিলের স্বত্বাধিকারী এম এম এ সালাম জানান, 'তিনটি গুদামে উৎপাদিত পণ্য ছিল ৭৫০ টন, যার আনুমানিক মূল্য দেড় কোটি টাকা। কাঁচাপাট ছিল ১৩০০ টন, যার আনুমানিক মূল্য প্রায় ২০ কোটি। সবমিলিয়ে প্রায় শত কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে।' ফায়ার সার্ভিসের বিরুদ্ধে অভিযোগ করে এম এম এ সালাম বলেন, 'টিম আন্তরিকতার সঙ্গে কাজ করছে না। তারা রুমের ভেতরে প্রবেশ না করে বাইরে থেকে দায়সারাভাবে আগুন নেভানোর চেষ্টা করছেন।, এ বিষয়ে ফায়ার সার্ভিসের সহকারী পরিচালক ফারুক হোসেন শিকদার বলেন, 'আগুন নেভানোর জন্য ফায়ার সার্ভিস তাদের সাধ্যমতো চেষ্টা করছে।' তবে প্রতিষ্ঠানে অগ্নিনির্বাপণের কোনো ব্যবস্থা না থাকায় তিনি মালিকের বিরুদ্ধে অভিযোগ করেন। তিনি আরো জানান, 'অগ্নিকাণ্ডের খবর পেয়ে খুলনা, রূপসা, বাগেরহাট অঞ্চল থেকে ১১টি ইউনিট আগুন নেভানোর কাজ করছে। (জাগো এফএম ওয়েব পেজ : ০৩.০৪.২০২৪ প্রতীক)

# BBC

**UKRAINE LOWERS COMBAT CALL-UP AGE TO BOOST NUMBERS**

Ukrainian President Volodymyr Zelensky has signed into law a bill lowering the military mobilization age by two years from 27 to 25. Kyiv has faced heavy losses on the battlefield after two years of war, whereas Russia has benefited from a sizeable advantage in manpower. The move will allow Ukraine to call up more people to replenish its reserves, after volunteer numbers dropped. Mr Zelensky said in December that 5,00,000 more soldiers were needed. Although the bill was voted through by MPs in May 2023, it did not come into force because Mr Zelensky did not sign it. (BBC Web Page: 03/04/24, FARUK)

**BOTSWANA WANTS TO SEND 20,000 ELEPHANTS TO GERMANY**

The president of Botswana has threatened to send 20,000 elephants to Germany in a political dispute. Earlier this year, Germany's environment ministry suggested there should be stricter limits on importing hunting trophies. Botswana's president Mokgweetsi Masisi told German media this would only impoverish people in his country. He said elephant numbers had exploded as a result of conservation efforts, and hunting helped keep them in check. (BBC Web Page: 03/04/24, FARUK)

**DOZENS DEAD IN ISTANBUL NIGHTCLUB FIRE**

At least 29 people have been killed and one injured in a fire in a nightclub in Turkey. The Masquerade club, in the basement of a high-rise building in Istanbul, was closed a being renovated during the day. The fire broke out just after midday, Istanbul governor Davut Gul said, adding that the cause was unclear. Mr Gul said that the victims of the fire were thought to have been involved in the renovation work. Eight people, including the nightclub manager and a person responsible for the renovations, have had warrants out for their arrest in connection with the fire as investigations continue. (BBC Web Page: 03/04/24, FARUK)

**BIDEN OUTRAGED OVER ISRAEL STRIKE ON AID WORKERS**

US President Joe Biden has condemned Israel's killing of seven humanitarian aid workers in Gaza. Saying he was "outraged and heartbroken", he accused Israel of not doing enough to protect aid workers. Israel promised an independent investigation after the UK, US, Canada, Australia and Poland lost nationals in Monday's attack. Israeli President Isaac Herzog has apologized for the deaths. The seven victims, who were working for World Central Kitchen (WCK), were killed when their convoy was attacked from the air on Monday.
(BBC Web Page: 03/04/24, FARUK)

**RESCUE EFFORTS CONTINUE AFTER EARTHQUAKE IN TAIWAN**

Rescue efforts are taking place in Taiwan after a powerful earthquake struck off its east coast on Wednesday, killing at least four people. The 7.4 magnitude quake caused multiple buildings to collapse in Hualien, the city closest to the epicenter. The strongest tremor to hit the island in 25 years was also felt as far as Taiwan's mountainous interior, which was rocked by huge landslides. In the capital Taipei, footage showed buildings shaking violently. (BBC Web Page: 03/04/24, FARUK)

**BIDEN AND XI DISCUSS US-CHINA COOPERATION AND CONFLICT**

US President Joe Biden and Chinese President Xi Jinping held a call on Tuesday in an effort to keep tensions between the two countries at a simmer. They discussed avenues of cooperation, including recent shared efforts to combat climate change and narcotics, according to summarizes of the call. But there was significant disagreement on Taiwan and economic issues. Mr Biden stressed support for Taiwan, but Mr Xi called US interference in the South China Sea a "red line". (BBC Web Page: 03/04/24, FARUK)

**UGANDA'S CONSTITUTIONAL COURT REJECTS PETITION AGAINST ANTI-GAY LAW**

Uganda's Constitutional Court has rejected a petition seeking to annual an anti-gay law that has been roundly condemned internationally as one of the toughest in the world. The court found on Wednesday that some sections of the law violated the right to health and it was inconsistent with right to health, privacy and freedom of religion but did not block or suspend the law. According to Ugandan television station NTV, the five-member court reached a unanimous decision to reject the petition against the law, which enjoys broad popular support in the country. (BBC Web Page: 03/04/24, FARUK)

**::The End::**